আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

তওরাত নাযিল হওয়ার পূর্বে ইয়াকুব যেগুলো নিজেদের জন্য হারাম করে নিয়েছিলেন, সেগুলো ব্যতীত সমস্ত আহার্য বস্তুই বনী-ইসরায়ীলদের জন্য হালাল ছিল।

সূরা আল ইমরান ৯৩

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ০৫ নভেম্বর ২০২৬ ॥ ২৪ জমাদিউল উলা ১৪৪৮ ॥ ২০ কার্তিক ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১৪৯ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা




সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১৯৩২৭৭০৫



চীনের বিনিয়োগ বাংলাদেশের জন্য গুরুত্বপূণ: রাষ্ট্রপতি

কীর্তনখোলা ডেস্ক

রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে সাক্ষাৎ করেছেন চীনের কমিউনিস্ট পার্টির (সিপিসি) কেন্দ্রীয় ২ এর পাতায় দেখুন



শ্রমিকদের বেতন কাঠামো দ্রুত পুনর্বিন্যাসের আহ্বান শফিকুর রহমানের

কীর্তনখোলা ডেস্ক

দেশের পোশাকশিল্পে চলমান শ্রমিক অসন্তোষ নিরসনে দ্রুত বেতন কাঠামো পুনর্বিন্যাসের জন্য সরকারের প্রতি আহ্বান ২ এর পাতায় দেখুন



ভারতীয় আধিপত্যবাদ দেশকে অস্থিতিশীল করার ষড়যন্ত্র করছে: মাহমুদুর রহমান

কীর্তনখোলা ডেস্ক

দেশের ভেতরে যখন বিভাজন চলছে তখন সীমান্তের ওপার থেকে ভারতীয় আধিপত্যবাদ দেশকে অস্থিতিশীল করার ষড়যন্ত্র ২ এর পাতায় দেখুন



ডেঙ্গুতে মৃত্যু সাড়ে ৪শ ছুঁইছুঁই

কীর্তনখোলা ডেস্ক

দেশে নতুন করে ডেঙ্গু আক্রান্ত হয়ে আরও ৬ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে নতুন করে ১ হাজার ৮৬৬ জন রোগী ২ এর পাতায় দেখুন



শেখ হাসিনার পালানোর ভিডিওর সঙ্গে তাহসিফ হত্যার যোগসূত্র খুঁজতে তদন্ত

কীর্তনখোলা ডেস্ক

বিমানবাহিনীর সাবেক কর্মকর্তা কে এম তাহসিফ সাউরি হত্যার পেছনে অন্য কোনো ষড়যন্ত্র রয়েছে কি না, তা খতিয়ে দেখছে তদন্ত সংস্থা। তাহসিফের শেয়ার করা ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার হেলিকপ্টারে দেশত্যাগের ভিডিও এবং তার কাছে সেদিনের আরও কোনো ভিডিও ফুটেজ ছিল কি না, সেটিও তদন্তের আওতায় রয়েছে। বুধবার (৪ নভেম্বর) আদালতে এক অভিযুক্ত নারী আসামির পুনরায় রিমান্ড শুনানি শেষে সাংবাদিকদের এসব কথা জানিয়েছেন রাষ্ট্রপক্ষের আইনজীবী। এদিন ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মঞ্জুরুল ইসলামের আদালতে তাহসিফ হত্যা মামলায় গ্রেফতার ওই নারীর রিমান্ড শুনানি হয়। শুনানিতে রাষ্ট্রপক্ষের আইনজীবী বলেন, তাহসিফের ধারণ (শেয়ার) করা ভিডিওটি দেশের মানুষের কাছে শেখ হাসিনার হেলিকপ্টারে দেশত্যাগের দৃশ্য তুলে ধরতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিল। ওই ভিডিওর কারণে তার ২ এর পাতায় দেখুন

নিষেধাজ্ঞা শেষে ধরা পড়া ৯৫ শতাংশই ডিমওয়ালা ইলিশ

কীর্তনখোলা রিপোর্ট

নিষেধাজ্ঞা শেষে ভোলার মেঘনা ও তেঁতুলিয়া নদীতে ইলিশ ধরতে নেমেছেন জেলেরা। কিন্তু জালে মিলছে না কাঙ্ক্ষিত পরিমাণ মাছ। যে ইলিশ পাওয়া যাচ্ছে, তার বেশিরভাগের পেটেই ডিম। জেলেদের হিসাবে, ১০০টি ইলিশের মধ্যে ৯৫টিতেই ডিম পাওয়া যাচ্ছে। কিছু মাছের ডিম ছাড়ার সময়ও ঘনিয়ে এসেছিল। কিন্তু জালে ধরা পড়ায় সেগুলো ডিম ছাড়তে পারেনি। জেলে ও মৎস্য আড়তদারদের অভিযোগ, ইলিশের প্রধান প্রজনন মৌসুমের ২২ দিনের নিষেধাজ্ঞা সঠিক সময়ে না হওয়ায় এমন পরিস্থিতি তৈরি হয়েছে। তাদের ধারণা, নিষেধাজ্ঞার সময় আরও পরে নির্ধারণ করা হলে অধিকাংশ মা ইলিশ ডিম ছাড়ার সুযোগ পেত।



অন্যদিকে মৎস্যবিজ্ঞানীর মতে, আবহাওয়া ও জলবায়ু পরিবর্তনের প্রভাবেও ইলিশের প্রজনন মৌসুমে পরিবর্তন আসতে পারে। যথাযথভাবে ডিম ছাড়তে না পারলে ভবিষ্যতে নদী ও সাগরে ইলিশের সংকট দেখা দেওয়ার আশঙ্কা করছেন সংশ্লিষ্টরা। ভোলার বিভিন্ন মৎস্য ঘাটে সরেজমিনে গিয়ে জেলেদের সঙ্গে কথা বলে জানা গেছে, প্রজনন মৌসুমের ২২ দিনের নিষেধাজ্ঞা শেষে মেঘনা ও তেঁতুলিয়া নদীতে দল বেঁধে নেমেছেন জেলেরা। জেলায় প্রায় তিন লাখ জেলে ইলিশ শিকারের সঙ্গে জড়িত। নিষেধাজ্ঞা শেষে ঝাঁকে ঝাঁকে ইলিশ পাওয়ার আশা থাকলেও নদীতে কাঙ্ক্ষিত পরিমাণ মাছ মিলছে না। আবার যে মাছ পাওয়া যাচ্ছে, তার বেশিরভাগই ডিমওয়ালা। ভোলা সদর উপজেলার কাচিয়া ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের জেলে সুজন মাঝি জানান, নিষেধাজ্ঞা শেষে প্রতিদিন পাঁচজন মাঝি মেঘনা নদীতে ইলিশ শিকারে যাচ্ছেন। ভোর ও বিকেলে মাছ ধরে প্রতিদিন ৩০ থেকে ৪০টি ইলিশ পাচ্ছেন তারা। এর মধ্যে কোনো দিন এক-দুটি মাছ ডিম ছাড়া পাওয়া গেলেও বাকিগুলোর পেট ডিমে ভরা থাকে। কিছু ইলিশের ডিম ছাড়তে এক-দুই দিন বাকি ছিল বলেও জানান তিনি। সুজন মাঝি বলেন, ২২ দিনের নিষেধাজ্ঞা আরও পরে দেওয়া ঠিক হতো। চলতি নভেম্বর মাসে অভিযান দিলে আমার মনে হয়, সবগুলো ২ এর পাতায় দেখুন

বরিশাল সিটির বিভিন্ন খালপাড় সংরক্ষণ পুনরুদ্ধার ও পুনঃখনন কাজসহ একনেকে ১৩ প্রকল্প অনুমোদন ব্যয় ৫৮ হাজার ৮৮ কোটি টাকা

কীর্তনখোলা রিপোর্ট

৫৮ হাজার ৮৮ কোটি ৯২ লাখ টাকা ব্যয় সম্বলিত ১৩টি প্রকল্প অনুমোদন করেছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এর মধ্যে নতুন প্রকল্প ১১টি ও সংশোধিত প্রকল্প দুটি। বুধবার (৪ নভেম্বর) সচিবালয়ে প্রধানমন্ত্রী এবং একনেক চেয়ারপারসন তারেক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় এ অনুমোদন দেওয়া হয়। প্রকল্পগুলোর মধ্যে সরকারের নিজস্ব অর্থায়ন ৫০ হাজার ৪১ কোটি ২০ লাখ টাকা এবং প্রকল্প ঋণ ৭ হাজার ৯৭৪ কোটি ৬৫ লাখ টাকা এবং সংস্থার নিজস্ব অর্থায়ন ৭৩ কোটি ৭ লাখ টাকা। প্রকল্পগুলো হলো- বরেন্দ্র অঞ্চলে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প, বরিশাল সিটি করপোরেশনের বিভিন্ন খালপাড় সংরক্ষণসহ ৩ এর পাতায় দেখুন



বিপ্লব ও সংহতি দিবস পালন উপলক্ষ্যে প্রস্তুততি সভায় উপস্থিত মহানগর বিএনপির আহ্বায়ক মনিরুজ্জামান খান ফারুক ও সদস্য সচিব জিয়াউদ্দিন সিকদার জিয়া -কীর্তনখোলা

বরিশালের মাঠে মাঠে আমনের বাম্পার ফলনে আশার আলো

কীর্তনখোলা রিপোর্ট

প্রায় ১৪ লাখ টন খাদ্য উদ্বৃত্ত বরিশাল অঞ্চলে এবার আবাদকৃত প্রায় ৯ লাখ হেক্টর জমি থেকে ২৪ লাখ টন আমন চাল ঘরে তোলার লক্ষ্য অতিক্রম করতে চলেছেন কৃষিযোদ্ধাগণ। ইতোমধ্যে প্রায় ৩ ভাগ জমির আমন কর্তন সম্পন্ন হলেও বৃষ্টিপাতের ব্যাপক ঘাটতির সাথে স্বাভাবিকের চেয়ে বেশি তাপপ্রবাহে বরিশালের প্রধান দানাদার খাদ্য ফসল আমন নিয়ে কৃষকের দুশ্চিন্তাও বাড়ছে। সারা দেশে বোরো প্রধান দানাদার খাদ্য ফসল হলেও বরিশাল অঞ্চলে এখনো আমনই শীর্ষ দানাদার ফসলের স্থানে রয়েছে। অথচ গত বছর অক্টোবরে বরিশালে গড় বৃষ্টিপাতের ২ এর পাতায় দেখুন

এইচএসসির সাপ্লিমেন্টারি পরীক্ষার আবেদন শুরু আজ

কীর্তনখোলা রিপোর্ট

চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষায় সর্বোচ্চ দুই বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীদের জন্য সাপ্লিমেন্টারি পরীক্ষার আয়োজন করতে যাচ্ছে শিক্ষা বোর্ডগুলো। আগামী ১ ডিসেম্বর থেকে এ পরীক্ষা শুরু হবে। এ পরীক্ষায় অংশ নিতে আগ্রহী শিক্ষার্থীদের অনলাইনে ফরম পূরণ করতে হবে। ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন শিক্ষার্থীদের আবেদনপ্রক্রিয়া শুরু হয়েছে আজ বৃহস্পতিবার থেকে। আবেদন ও পরীক্ষার ফি জমা দেওয়ার জন্য নির্ধারণ করা হয়েছে নির্দিষ্ট সময়সীমা। বুধবার (৪ নভেম্বর) বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। কমিটির সভাপতি অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামান দ্য ডেইলি স্টারকে জানান, সাপ্লিমেন্টারি পরীক্ষার সময়সূচি সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডগুলোর ২ এর পাতায় দেখুন



৩৫ কোটি টাকার অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে ব্যবসায়ীর বিরুদ্ধে দুদকের মামলা

কীর্তনখোলা ডেস্ক

জ্ঞাত আয়ের উৎসের সঙ্গে অসংগতিপূর্ণভাবে ৩৫ কোটি ৫৩ লাখ টাকার বেশি সম্পদ অর্জনের অভিযোগে মো. সালাহউদ্দিন রিপন নামের এক ব্যবসায়ীর বিরুদ্ধে মামলা করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। বুধবার (৪ নভেম্বর) দুদকের সহকারী পরিচালক তানজির আহমেদ এই তথ্য জানান। দুদকের অনুসন্ধানে পাওয়া তথ্য অনুযায়ী, ২০২০ সালের ২৬ ফেব্রুয়ারি সালাহউদ্দিন রিপনকে নিজের ও তাঁর ওপর নির্ভরশীল ব্যক্তিদের ২ এর পাতায় দেখুন

শিক্ষার্থীদের শুধু সনদ অর্জন নয়, দক্ষ ও মানবিক হতে হবে: জিয়াউদ্দিন হায়দার

কীর্তনখোলা রিপোর্ট

শিক্ষার্থীদের উদ্দেশে প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারী (প্রতিমন্ত্রীর পদমর্যাদা) ড. এস এম জিয়াউদ্দিন হায়দার বলেছেন, শুধু শিক্ষিত হলেই হবে না, দক্ষ ও মানবিক মানুষ হিসেবে নিজেদের গড়ে তুলতে হবে। শিক্ষার উদ্দেশ্য কেবল একটি সার্টিফিকেট অর্জন নয়, বরং শিক্ষার মাধ্যমে কতটা দক্ষতা অর্জন করা গেল, সেটিই গুরুত্বপূর্ণ। বর্তমান শিক্ষাব্যবস্থাকে সনদনির্ভরতা থেকে দক্ষতাভিত্তিক করার বিষয়ে সরকার কাজ করছে। যাতে শিক্ষাজীবন শেষ করে কাউকে বেকার বসে থাকতে না হয়। বুধবার (৪ নভেম্বর) দুপুরে ঝালকাঠি সরকারি কলেজের ২০২৬-২৭ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠানে কলেজের মিলনায়তনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ড. এস এম জিয়াউদ্দিন হায়দার বলেন, জ্ঞান অর্জনের পরিধি বাড়াতে হবে। শুধু পাঠ্যবই পড়লেই জ্ঞান অর্জন সম্পূর্ণ হয় না। পাঠ্যবইয়ের পাশাপাশি বিভিন্ন বিষয়ের বই পড়তে হবে। পৃথিবীর নানা বিষয় সম্পর্কে জানতে হবে। জ্ঞান অর্জনের জন্য চিন্তার জগৎকে প্রসারিত করতে হবে। সুন্দর ও পরিচ্ছন্ন পরিবেশও জ্ঞান অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তিনি বলেন, শিক্ষার্থীদের মাদক থেকে দূরে থাকতে হবে। মাদককে না বলতে হবে। যারা মাদকের সঙ্গে জড়িত, তাদের বিরুদ্ধে ২ এর পাতায় দেখুন





সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত.....

হ্যালো ৯৯৯

বরিশাল-ঢাকা মহাসড়কের বেয়াদব গাড়ি

বরিশাল-ঢাকা মহাসড়ক বলতে আমরা বুঝি কুয়াকাটা থেকে ঢাকা পর্যন্ত। এই সড়ক দক্ষিণাঞ্চলের প্রবেশ ও প্রস্থানের একমাত্র মহাসড়ক। এই মহাসড়ক দিয়েই বরিশাল অঞ্চলের ৬ জেলার সকল গাড়ি চলাচল করে। পদ্মা সেতু হওয়ার পর দক্ষিণাঞ্চলে লঞ্চের পরিবর্তে সড়ক পথে চলাচলের গুরুত্ব বেড়ে যায়। এই অঞ্চলে সাগরকন্যা কুয়াকাটা ও পটুয়াখালীর পায়রা সমুদ্রবন্দর অবস্থিত হওয়ায় এর গুরুত্ব আরো বৃদ্ধি পেয়েছে। কিন্তু এই মহাসড়কটির দশা বোধ হয় বাংলাদেশের মধ্যে সবচেয়ে খারাপ। যেমন ভগ্নদশা, তেমনই সরু। তাইতো প্রায়ই এই সড়কে ঘটছে মারাত্মক দুর্ঘটনা, ঝরছে প্রাণ।

তবে এই মারাত্মক দুর্ঘটনা ও প্রাণহানীর অন্যতম কারণ হলো গাড়িগুলোর বেপরোয়া গতি এবং উল্টাপাল্টা ওভারটেকিং। উল্টাপাল্টা চালনায় বর্তমানে এই মহাসড়কে কয়েকটি দূরপাল্লার গাড়িকে মানুষ বেয়াদব গাড়ি হিসেবে ২ এর পাতায় দেখুন

নারীকে মারধরের অভিযোগে সাবেক যুবদল নেতা গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট

ভোলার মনপুরায় স্বামী পরিত্যক্ত এক নারীকে মারধরের ঘটনার মামলায় ওয়ার্ড যুবদলের সাবেক সভাপতিকে গ্রেফতার করেছে পুলিশ। বুধবার (৪ অক্টোবর) দুপুর ১২টায় থানার সামনে মারধরের ঘটনা ঘটে। পরে ভুক্তভোগী নারী ওয়ার্ড যুবদলের সাবেক সভাপতিসহ ছয় জনকে আসামি করে থানায় মামলা করেন। পরে দুপুর ৩টায় প্রধান আসামি সাবেক যুবদল নেতাকে গ্রেফতার করে আদালতে পাঠায় পুলিশ। গ্রেফতার মো. মাকছুদ হাজীরহাট ইউনিয়নের ৬নং ওয়ার্ড যুবদলের সাবেক সভাপতি। মামলার অপর আসামিরা হলেন- রাসেল ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপন্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা



উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের গাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083



বরিশালের বিভাগের ১১ শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানকে হাজির হয়ে ব্যাখ্যা দেয়ার নির্দেশ

কীর্তনখোলা রিপোর্ট

২০২৬ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় কোনো শিক্ষার্থী পাস না করায় বরিশাল বিভাগের ১১ শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানকে কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়েছে। প্রতিষ্ঠানগুলোর প্রধানদের পরিচালনা পর্ষদের সভাপতিকে সঙ্গে নিয়ে আগামী ১০ নভেম্বর বোর্ডে সশরীর উপস্থিত হয়ে ফল বিপর্যয়ের কারণ ব্যাখ্যা করতে বলা হয়েছে। বুধবার (৪ নভেম্বর) বরিশাল শিক্ষা বোর্ডের ভারপ্রাপ্ত চেয়ারম্যান অধ্যাপক ড. মো. জসিম উদ্দিন এ তথ্য জানিয়েছেন। তিনি বলেন, ১০ নভেম্বর এসব শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান ও সভাপতিকে শিক্ষা বোর্ডে হাজির হয়ে ব্যাখ্যা দিতে বলা হয়েছে। তাদের কাছ থেকে সমস্যাগুলো আগে জানতে হবে তারপর কি ব্যবস্থা নেয়া যায় তা নির্ধারণ করা হবে। নোটিশ পাওয়া ১১ প্রতিষ্ঠানের মধ্যে পটুয়াখালীর তিনটি, ভোলার তিনটি, বরগুনার দুটি, পিরোজপুরের দুটি এবং ঝালকাঠির একটি শিক্ষাপ্রতিষ্ঠান রয়েছে। প্রতিষ্ঠানগুলো হলো–পটুয়াখালীর গলাচিপা উপজেলার বিপিসি স্কুল অ্যান্ড কলেজ, মির্জাগঞ্জ উপজেলার মজিদবাড়িয়া কলেজ এবং সদর উপজেলার আউলিয়াপুর ছাবিনা আক্তার স্কুল ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

চাই সময়োপযোগী পদক্ষেপ

জীবাশ্ম জ্বালানির ভাণ্ডার ক্রমাগত ফুরিয়ে আসছে এবং যুদ্ধবিগ্রহের কারণে আন্তর্জাতিক বাজারে অস্থিরতা দেখা দিয়েছে–এই বাস্তবতায় নবায়নযোগ্য জ্বালানি অন্যতম বিকল্প হিসেবে সামনে এসেছে। সারা বিশ্বই এখন ঝুঁকছে সৌরবিদ্যুৎসহ অন্যান্য নবায়নযোগ্য জ্বালানি উৎসের দিকে। বাংলাদেশের বর্তমান সরকার সময়ের গুরুত্ব বিবেচনায় বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। এর ধারাবাহিকতায় বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে আয়োজন করা হয়েছে দুই দিনব্যাপী 'বাংলাদেশ সোলার এক্সপো ২০২৬' প্রদর্শনী। মঙ্গলবার প্রধানমন্ত্রী তারেক রহমান এই প্রদর্শনীর উদ্বোধন করেন। খবরে বলা হয়, বিদ্যুৎ বিভাগ ও ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কম্পানি লিমিটেডের (ইডকল) যৌথ আয়োজনে দেশি-বিদেশি শতাধিক প্রতিষ্ঠান অংশ নেয়। প্রদর্শনীতে সৌর প্যানেল, ইনভার্টার, ব্যাটারি ও সংশ্লিষ্ট প্রযুক্তি তুলে ধরা হয়। পাশাপাশি আটটি বিশেষ অধিবেশনে বিশেষজ্ঞরা বিনিয়োগ, প্রযুক্তি ও নীতিগত বিষয় নিয়ে আলোচনা করবেন। বলা বাহুল্য, এ ধরনের আয়োজনের তাৎপর্য নানা দিকে বিস্তৃত। নবায়নযোগ্য জ্বালানি নিয়ে যাদের আগ্রহ রয়েছে তারা এ ধরনের প্রদর্শনী থেকে বেশ উপকৃত হবে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী তারেক রহমান যথার্থই বলেছেন, 'বাংলাদেশের নবায়নযোগ্য জ্বালানি এখন আর শুধু সম্ভাবনার খাত নয়, বরং এটি একটি অনিবার্য বাস্তবতা।' তিনি আরো বলেন, 'বেসরকারি খাতের অংশগ্রহণে সরকার ২০৩০ সালের মধ্যে দেশের বিদ্যুৎ চাহিদার ২০ শতাংশ এবং ২০৪১ সালের মধ্যে ৩০ শতাংশ নবায়নযোগ্য জ্বালানি থেকে উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে।' খবরে বলা হয়, সৌরবিদ্যুতের প্রসারে প্রায় ৫০০ কোটি টাকা বাজেট বরাদ্দসহ পর্যায়ক্রমে প্রয়োজনীয় অর্থের সংস্থান করা হচ্ছে। বিশেষজ্ঞরা বলেন, এসব প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়িত হলে জ্বালানিসংকট অনেকটাই কমে আসবে। বর্তমান সরকার ক্ষমতায় আসার কয়েক দিন পরই ইরানে আক্রমণ করে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল। হরমুজ প্রণালি কার্যত বন্ধ হওয়ায় আন্তর্জাতিক জ্বালানি বাজারে অস্থিরতা ছড়িয়ে পড়ে। আমদানিনির্ভর দেশ হওয়ায় বাংলাদেশে এর প্রভাব তুলনামূলক বেশি পড়ে। সরকার শুরু থেকেই নানাভাবে পরিস্থিতি সামাল দেওয়ার চেষ্টা করলেও তা পুরোপুরি নিয়ন্ত্রণে আসেনি। অনেক কারখানায় উৎপাদন ব্যাহত হচ্ছে, কোনো কোনো প্রতিষ্ঠান সক্ষমতা অনুযায়ী কাজ করতে পারছে না, কিছু প্রতিষ্ঠান বন্ধের উপক্রম। এমন পরিস্থিতিতে বিকল্প জ্বালানি ব্যবস্থার প্রসঙ্গ বারবার সামনে আসছে। এই বাস্তবতায় একটি বিষয় অনস্বীকার্য, আজ হোক, কাল হোক আমাদের নবায়নযোগ্য জ্বালানির দিকে যেতেই হবে। এই যাত্রায় যে দেশ যত এগিয়ে থাকবে, সেই দেশ তত দ্রুত জ্বালানি খাতে স্বয়ংসম্পূর্ণ হয়ে উঠবে। এদিকে সরকার সৌরবিদ্যুতের প্রতি সাধারণ মানুষকে উৎসাহ দিতে 'প্রতি ইঞ্চি ছাদ কাজে লাগাই, সৌরবিদ্যুতে আয় বাড়াই' প্রতিপাদ্যে সচেতনতামূলক পদক্ষেপ নিয়েছে। এরই মধ্যে সৌরবিদ্যুৎ অধ্যাদেশ, ২০২৬ জারি এবং জাতীয় নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কৌশলপত্র ২০২৬-৩০ গ্রহণ করা হয়েছে। নিজস্ব বিনিয়োগ ছাড়াই ছাদে সৌরবিদ্যুৎ কেন্দ্র স্থাপনে ওপেক্স মডেলও উৎসাহিত করা হচ্ছে।

ডেঙ্গুতে মৃত্যু সাড়ে

হাসপাতালে ভর্তি হয়েছে। বিভাগওয়ারি হিসাবে সবচেয়ে বেশি রোগী ভর্তি হয়েছে ঢাকা বিভাগে। এ বিভাগে নতুন করে ৮৬৮ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছে এবং মারা গেছে ৪ জন। এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে মোট ৪৪৫ জনের মৃত্যু হয়েছে। বুধবার (৪ নভেম্বর) স্বাস্থ্য অধিদপ্তরের বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, চলতি বছরের ১ জানুয়ারি থেকে ৪ নভেম্বর পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে দেশের বিভিন্ন হাসপাতালে মোট ১৪২৭৭৫ জন রোগী ভর্তি হয়েছে। এর মধ্যে সুস্থ হয়ে হাসপাতাল থেকে বাড়ি ফিরে গেছেন ১৩৬,৩৯৪ জন রোগী। বর্তমানে দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে ৫৯৩৬ জন ডেঙ্গু রোগী। এছাড়া চলতি বছর এখন পর্যন্ত ডেঙ্গুতে আক্রান্ত হয়ে সারাদেশে মোট ৪৪৫ জনের প্রাণহানি ঘটেছে। বিভাগওয়ারি পরিসংখ্যানে দেখা গেছে, ডেঙ্গুর প্রকোপ সবচেয়ে বেশি রয়েছে ঢাকা বিভাগে। গত ২৪ ঘণ্টায় ঢাকা বিভাগে সর্বোচ্চ ৮৬৮ জন নতুন রোগী হাসপাতালে ভর্তি হয়েছে এবং ৪ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে ঢাকা বিভাগে মোট আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৫৮,২৮৪ জনে এবং মৃতের সংখ্যা বেড়ে ২১২ জনে পৌঁছেছে। এছাড়া গত ২৪ ঘণ্টায় চট্টগ্রাম বিভাগে ২৫৬ জন নতুন রোগী ভর্তি হলেও এই সময়ে কোনো মৃত্যুর ঘটনা ঘটেনি। তবে এই বিভাগে এখন পর্যন্ত মোট ৪৩ জনের মৃত্যু হয়েছে এবং আক্রান্তের সংখ্যা ২০,৮৮৬ জন। খুলনা বিভাগে গত ২৪ ঘণ্টায় ২১৫ জন নতুন রোগী ভর্তি হয়েছে এবং ২ জনের মৃত্যু হয়েছে। যার ফলে মোট আক্রান্ত বেড়ে ২১,৪৪৭ জনে এবং মোট মৃত্যু ৮২ জনে দাঁড়িয়েছে। রাজশাহী বিভাগে গত ২৪ ঘণ্টায় নতুন ভর্তি রোগীর সংখ্যা ১৭১ জন (মৃত্যু নেই), মোট আক্রান্ত ১১,০৫২ জন এবং মোট মৃত্যু ২৯ জন। অন্যদিকে রংপুর বিভাগে গত ২৪ ঘণ্টায় ৭১ জন নতুন রোগী ভর্তি হয়েছেন, যেখানে মোট আক্রান্ত ৪,৯৮০ জন এবং এ পর্যন্ত ৮ জনের মৃত্যু হয়েছে। বরিশাল বিভাগে গত ২৪ ঘণ্টায় নতুন করে ২০৬ জন ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হয়েছে, ফলে এই বিভাগে মোট আক্রান্তের সংখ্যা ১৭,৭১২ জনে এবং মোট মৃত্যু ৩০ জনে দাঁড়িয়েছে। তুলনামূলক কম আক্রান্ত হওয়া সিলেট বিভাগে গত ২৪ ঘণ্টায় নতুন ভর্তি রোগীর সংখ্যা ছিল মাত্র ১৩ জন, এবং এ পর্যন্ত এই বিভাগে মোট ৯১২ জন আক্রান্ত ও ৪ জনের মৃত্যু রেকর্ড করা হয়েছে।

ভারতীয় আধিপত্যবাদ দেশকে

করছে বলে মন্তব্য করেছেন দৈনিক আমার দেশ পত্রিকার সম্পাদক মাহমুদুর রহমান। বুধবার (৪ নভেম্বর) বেলা ১১টায় জাতীয় প্রেস ক্লাবের আব্দুস সালাম হলে আমার বাংলাদেশ পার্টির (এবি পার্টি) আয়োজনে 'বছর পেরিয়ে জুলাই সনদ: গণ-অভ্যুত্থানের তরুণ অংশীদারদের সঙ্গে মতবিনিময়' শীর্ষক সভায় তিনি এ কথা বলেন। মাহমুদুর রহমান বলেন, অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের পলিটিক্যাল ম্যাচিউরিটি (রাজনৈতিক পরিপক্বতা) থাকলে জুলাই সনদ বাস্তবায়নের আগে তিনি কখনো নির্বাচনের প্রতিশ্রুতি দিতেন না। তিনি বলেন, অন্তর্বর্তী সরকারের প্রধান কাজ ছিল সবাইকে নিয়ে সর্বসম্মতিক্রমে জুলাই সনদ চূড়ান্ত ও স্বাক্ষর করা। কিন্তু সেই কাজ শেষ না করেই নির্বাচনের প্রতিশ্রুতি দেওয়ায় দেশে নতুন করে রাজনৈতিক ও আইনি বিভাজন তৈরি হয়েছে। মাহমুদুর রহমান বলেন, 'আমাদের প্রায়োরিটিতে ভুল ছিল। অন্তর্বর্তী সরকারের কাজ ছিল প্রথমে সবাইকে নিয়ে সর্বসম্মতিক্রমে জুলাই সনদ শেষ ও সই করা। ইউনূস সাহেবের যদি পলিটিক্যাল ম্যাচিউরিটি থাকতো, তাহলে জুলাই সনদ তৈরি হওয়ার আগে তিনি কখনো নির্বাচনের কমিটমেন্ট দিতেন না।' তিনি বলেন, 'জুলাই বিপ্লবীদের জন্য অন্তর্বর্তী সরকার ছিল সবচেয়ে বন্ধুপ্রতিম সরকার। তবে রাজনৈতিক অনভিজ্ঞতার কারণে তরুণরা প্রতিদিন বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে রাজপথে আন্দোলন ও প্রধান উপদেষ্টার বাসভবন ঘেরাও করেছিল। এতে সরকার পরিচালনা দুর্বল ও কঠিন হয়ে পড়ে। বন্ধুপ্রতিম সরকারকে সহযোগিতা না করে প্রতিনিয়ত আন্দোলনে যুক্ত থাকায় তরুণদের নিজস্ব শক্তির অপচয় হয়েছে।' জুলাই সনদ নিয়ে মাহমুদুর রহমান বলেন, রাষ্ট্র সংস্কারের মূল কাজ চূড়ান্ত না করে এবং সর্বসম্মতিক্রমে জুলাই সনদ স্বাক্ষর না করেই ড. ইউনূস নির্বাচনের আশ্বাস দিয়ে আসেন। বিভিন্ন আপত্তি বা 'নোট অব ডিসেন্ট' সংবলিত একটি রূপরেখা দেওয়ার ফলে দেশে নতুন করে রাজনৈতিক ও আইনি বিভাজন তৈরি হয়েছে। জুলাইয়ের ঘটনাকে বিপ্লব হিসেবে দেখার ওপর গুরুত্ব দিয়ে তিনি বলেন, 'জুলাইয়ের গণজাগরণকে কেবল একটি আন্দোলন বা অভ্যুত্থান বললে এর প্রকৃত স্বরূপ প্রকাশ পায় না। এটি মূলত একটি জুলাই বিপ্লব। রাজনৈতিক ও আইনি দৃষ্টিভঙ্গি অনুযায়ী, কোনো ঘটনাকে বিপ্লব হিসেবে গ্রহণ করার অর্থ পুরোনো শাসনব্যবস্থা ও প্রচলিত সংবিধানের অবসান। কিন্তু সরকার বিপ্লবের এই মৌলিক চেতনা ধরে রাখতে ব্যর্থ হয়ে পুরোনো ব্যবস্থার ওপর ভর করে চলছে।' তিনি আরও বলেন, বিপ্লবের ঐতিহাসিক সাফল্যের পর কে আসল 'মাস্টারমাইন্ড' বা কার কতখানি অবদান, তা নিয়ে অভ্যন্তরীণ পর্যায়ে অহেতুক প্রতিযোগিতা শুরু হয়েছে। অথচ দেশের ভেতরে যখন এই বিভাজন চলছে, তখন সীমান্তের ওপার থেকে ভারতীয় আধিপত্যবাদ বাংলাদেশকে অস্থিতিশীল করার ষড়যন্ত্র করছে। তাই অহেতুক প্রতিযোগিতা ভুলে দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় জাতীয় ঐক্য বজায় রাখা জরুরি।

শ্রমিকদের বেতন কাঠামো

জানিয়েছেন বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তিনি বলেছেন, 'শিল্প বাঁচলে দেশ বাঁচবে- এটা ঠিক। কিন্তু এটাও ঠিক, শ্রমিক বাঁচলে শিল্প বাঁচবে।' বুধবার (৪ নভেম্বর) সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে দেওয়া এক ভিডিও বার্তায় এ কথা বলেন তিনি। ডা. শফিকুর রহমান বলেন, গত কয়েক দিন ধরে দেশের বিভিন্ন এলাকায় পোশাকশ্রমিকেরা বেতন-ভাতাসহ অন্যান্য দাবিতে আন্দোলন করছেন। এরই মধ্যে আন্দোলনের কারণে অনেক শিল্পকারখানা বন্ধ রাখা হয়েছে। কোথাও কোথাও অগ্নিসংযোগের ঘটনাও ঘটেছে। এ পরিস্থিতিতে দেশের প্রধান রপ্তানি আয়ের খাত পোশাকশিল্পে বড় ধরনের বিপর্যয় দেখা দিলে সামগ্রিক অর্থনীতি ক্ষতিগ্রস্ত হবে। গাজীপুরের শ্রীপুরে গাইবান্ধার তৌফিক নামে এক পোশাকশ্রমিককে হত্যার ঘটনায় নিন্দা জানিয়ে জামায়াতের আমির বলেন, এ হত্যাকাণ্ডের সুষ্ঠু তদন্ত করে দ্রুত দায়ী ব্যক্তি বা ব্যক্তিদের আইনের আওতায় আনতে হবে। তিনি বলেন, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির সময়ে স্বল্প বেতনে শ্রমিকদের জীবন ধারণ করা কঠিন হয়ে পড়েছে। শ্রমিকদের দাবিগুলো বিবেচনায় নিয়ে মালিক ও শ্রমিক- উভয়পক্ষের সঙ্গে আলোচনা করে দ্রুত বেতন কাঠামো পুনর্বিন্যাস করা প্রয়োজন ছিল। কিন্তু সরকার এখনো এ বিষয়ে কার্যকর পদক্ষেপ নিতে পারেনি। ডা. শফিকুর রহমান বলেন, শ্রমিকদের ন্যায্য পাওনা নিশ্চিত করতে সরকারকে দ্রুত সিদ্ধান্ত নিতে হবে। সিদ্ধান্ত গ্রহণে যত বিলম্ব হবে, এ খাতের ক্ষতি তত বাড়বে। এ ধরনের পরিস্থিতিতে সুযোগসন্ধানীরা নানা ধরনের সুযোগ নেওয়ার চেষ্টা করতে পারে। এ বিষয়ে সরকার ও সংশ্লিষ্ট সবাইকে আন্তরিকতা এবং সতর্কতার পরিচয় দিতে হবে। পোশাকশ্রমিকদের প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেন, 'আপনাদের প্রতিষ্ঠান আপনারা বাঁচিয়ে রাখুন। আমরা আপনাদের ন্যায্য অধিকারের পক্ষে আছি। শিল্প বেঁচে থাকলে আপনারাও বেঁচে থাকবেন।' মালিকপক্ষের প্রতি অনুরোধ জানিয়ে জামায়াতের আমির বলেন, শ্রমিকদের নিজেদের পরিবারের সদস্য হিসেবে বিবেচনা করতে হবে। তাহলে সিদ্ধান্ত গ্রহণ এবং সমস্যা সমাধান সহজ হবে। সরকারের প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেন, ক্ষয়ক্ষতি আর না বাড়িয়ে এবং অস্থিরতা তৈরির সুযোগ বন্ধ করতে দ্রুত সরকারের দায়িত্ব পালন করা উচিত। শেষে নিহত তৌফিকের আত্মার মাগফিরাত কামনা করেন ডা. শফিকুর রহমান। একই সঙ্গে তার শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান।

চীনের বিনিয়োগ বাংলাদেশের

কমিটির আন্তর্জাতিক বিভাগের মন্ত্রী লিউ হাইশিং। বুধবার (৪ নভেম্বর) বঙ্গভবনে এ সাক্ষাৎ হয়। সাক্ষাৎকালে রাষ্ট্রপতি চীনকে বাংলাদেশের বিশ্বস্ত বন্ধু ও গুরুত্বপূর্ণ কৌশলগত অংশীদার হিসেবে উল্লেখ করে দুই দেশের দ্বিপক্ষীয় সম্পর্ক আরও জোরদারের আহ্বান জানান। রাষ্ট্রপতির প্রেস সচিব মো. সরওয়ার আলম এ তথ্য জানিয়েছেন। রাষ্ট্রপতি মোংলা বন্দর আধুনিকায়ন ও সম্প্রসারণ প্রকল্পের ফ্রেমওয়ার্ক চুক্তি সই এবং চায়না ইকোনমিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল জোনের (সিইআইজেড) ভিত্তিপ্রস্তর স্থাপনের বিষয়টি উল্লেখ করে বলেন, এসব উদ্যোগ বাংলাদেশের যোগাযোগব্যবস্থা, শিল্পায়ন ও অর্থনৈতিক উন্নয়নে উল্লেখযোগ্য অবদান রাখবে। কুনমিং ও চট্টগ্রামকে সংযুক্ত করার প্রস্তাবিত করিডোর এবং চীন-মিয়ানমার-বাংলাদেশ অর্থনৈতিক করিডোরসহ বহুমাত্রিক যোগাযোগব্যবস্থা সম্প্রসারণে চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের প্রস্তাবকে স্বাগত জানান তিনি। এসময় শি জিনপিংকে ধন্যবাদ ও অভিনন্দন জানিয়ে সুবিধাজনক সময়ে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান রাষ্ট্রপতি। বাংলাদেশে চীনা প্রতিষ্ঠানগুলোর বিনিয়োগের ওপর গুরুত্বারোপ করে রাষ্ট্রপতি বলেন, বিশেষ করে প্রযুক্তি হস্তান্তর, কর্মসংস্থান সৃষ্টি ও রপ্তানি বহুমুখীকরণে সহায়ক খাতগুলোতে চীনের বিনিয়োগ বাংলাদেশের জন্য গুরুত্বপূর্ণ। জবাবে চীনের মন্ত্রী সবুজ জ্বালানি, শিক্ষা ও সাংস্কৃতিক বিনিময়সহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা অব্যাহত রাখার আশ্বাস দেন। এক হাজার শয্যাবিশিষ্ট বাংলাদেশ-চীন মৈত্রী জেনারেল হাসপাতালের অর্থায়ন ও নির্মাণে সহযোগিতার জন্য চীনকে ধন্যবাদ জানান রাষ্ট্রপতি। পাশাপাশি রোহিঙ্গাদের নিরাপদ প্রত্যাবাসনে চীনের অব্যাহত সক্রিয় ভূমিকা কামনা করেন তিনি। এ বিষয়ে সহযোগিতা অব্যাহত থাকবে বলে আশ্বাস দেন চীনের মন্ত্রী। চলমান জ্বালানি সংকটে চীনের অব্যাহত সহযোগিতার জন্যও ধন্যবাদ জানান রাষ্ট্রপতি। রাষ্ট্রপতি ১৯৭৭ ও ১৯৮০ সালে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের চীন সফরের কথা গভীর কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করেন। তিনি বলেন, ঐতিহাসিক ওই সফরগুলো দুই দেশের দ্বিপক্ষীয় সম্পর্কের ভিত্তি স্থাপন করেছিল। লিউ হাইশিং বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সময় চীনের সঙ্গে বাংলাদেশের কূটনৈতিক সম্পর্কের ভিত্তি স্থাপিত হয়। পরবর্তী সময়ে সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সময় এ সম্পর্ক আরও জোরদার হয়। বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে দুই দেশের সম্পর্ক আরও সুদৃঢ় ও বিস্তৃত হবে বলে তিনি আশা প্রকাশ করেন। চীনে নিজের সর্বশেষ সফরের প্রসঙ্গ উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, দেশটির ভাইস প্রেসিডেন্ট এবং সফররত মন্ত্রীর সঙ্গে তার বৈঠকগুলো ফলপ্রসূ হয়েছে। এসব বৈঠক পারস্পরিক সম্পর্ক আরও জোরদারে সহায়ক ভূমিকা রেখেছে।

নারীকে মারধরের অভিযোগে

তৈয়ব, সোহেল, ফজলু ও লাভলী বেগম। এদের সবার বাড়ি হাজিরহাট ইউনিয়নের বিভিন্ন গ্রামে। এজাহার সূত্রে জানা গেছে, বুধবার বেলা সাড়ে ১১টায় পাওনা টাকা চাইতে হাজিরহাট বাজারে গেলে থানার সামনে মাকছুদের নেতৃত্বে ভুক্তভোগী নারীকে মারধর করে মামলার আসামিরা। এমনকি শাড়ি টেনে ছিঁড়ে তাকে শ্লীলতাহানির অভিযোগ ভুক্তভোগীর। পরে মাকছুসহ ছয় জনের বিরুদ্ধে মামলা করেন ওই ভুক্তভোগী নারী। এ ব্যাপারে গ্রেফতার যুবদল নেতার ভাতিজা সুমন ও মামুন জানান, রাজনৈতিক প্রতিহিংসায় যুবদলের একটি গ্রুপ ওই নারীকে দিয়ে মামলা করিয়েছে। এ ব্যাপারে ভুক্তভোগী নারী বলেন, পাওনা টাকা চাইতে গেলে যুবদল নেতা মাকছুদের নেতৃত্বে ৫-৬ জন আমাকে মারধর করে হেনস্তা করে। এর আগে মাকছুদ আমাকে মারধর করে প্রাণনাশের হুমকি দেয়। বিষয়টি আমি স্থানীয় এমপি নুরুল ইসলাম নয়নকে অবহিত করি। পরে মাকছুদসহ ছয় জনকে আসামি করে মামলা করেছি। এখন তিনি নিরাপত্তাহীনতায় ভুগছেন বলে জানান ওই নারী। মনপুরা উপজেলা যুবদলের আহ্বায়ক শামসুদ্দিন মোল্লা জানান, নারীকে হেনস্তাকারী যুবদলের সাবেক ওয়ার্ড সভাপতি মাকছুদ বর্তমানে যুবদলের রাজনীতির সঙ্গে জড়িত নয়। তবে তিনি যেই কাজটি করেছেন সেটি নিন্দনীয়। মনপুরা থানার ওসি মাজহারুল ইসলাম জানান, স্বামী পরিত্যক্ত নারীকে মারধর ও হেনস্তা করার অভিযোগ মামলার আসামি মাকছুদকে গ্রেফতার করে আদালতে পাঠানো হয়েছে।

বরিশালের বিভাগের ১১ শিক্ষাপ্রতিষ্ঠান

অ্যান্ড কলেজ। ভোলার চরফ্যাশন উপজেলার চরমানিকা জালাল আহম্মেদ কলেজ, লালমোহন উপজেলার রমাগঞ্জ স্কুল অ্যান্ড কলেজ এবং সদর উপজেলার মেদুয়া কলেজও এ তালিকায় রয়েছে। এ ছাড়া বরগুনার বেতাগী উপজেলার কদভানু মেমোরিয়াল মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও কলেজ এবং পাথরঘাটা উপজেলার হোগলাপাশা কলেজ, পিরোজপুরের কদমতলা জর্জ হাইস্কুল অ্যান্ড কলেজ ও নাজিরপুর উপজেলার দিঘিরজান স্কুল অ্যান্ড কলেজ এবং ঝালকাঠির নলছিটি উপজেলার অ্যাডভোকেট এইচ আর কে ফাউন্ডেশন কৃষি প্রযুক্তি ইনস্টিটিউট অ্যান্ড কলেজকে নোটিশ দেওয়া হয়েছে। নোটিশে প্রতিষ্ঠানগুলোর প্রথম ও সর্বশেষ স্বীকৃতিপত্র, হালনাগাদ পরিচালনা কমিটির তথ্য এবং গত পাঁচ বছরের পরীক্ষার ফলের তালিকা চাওয়া হয়েছে। প্রতিষ্ঠানের সভাপতি ও প্রধান শিক্ষক বা অধ্যক্ষকে আগামী ১০ নভেম্বর শিক্ষা বোর্ডে সশরীর উপস্থিত হয়ে শূন্য পাসের কারণ ব্যাখ্যা করতে নির্দেশ দেয়া হয়েছে।

শিক্ষার্থীদের শুধু সনদ অর্জন নয়, দক্ষ

সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে হবে। সবাইকে সঙ্গে নিয়ে মাদকমুক্ত সমাজ গঠনে শিক্ষার্থীদের অগ্রণী ভূমিকা পালন করতে হবে। পরিবেশ পরিচ্ছন্ন রাখার আহ্বান জানিয়ে তিনি বলেন, বর্জ্যের কারণে পরিবেশ দূষিত হচ্ছে এবং নানা রোগের বিস্তার ঘটছে। এ অবস্থা পরিবর্তনে সবাইকে একসঙ্গে কাজ করতে হবে। তিনি শিক্ষার্থীদের প্রতি সপ্তাহে অন্তত এক দিন নিজেদের ক্যাম্পাস পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার আহ্বান জানান। শিক্ষার্থীদের অংশগ্রহণে একটি পরিচ্ছন্ন ঝালকাঠি গড়ে তোলার প্রত্যাশাও ব্যক্ত করেন তিনি। শিক্ষার্থীদের উদ্দেশে তিনি আরও বলেন, বড়দের শ্রদ্ধা করতে হবে, শিক্ষকদের সম্মান করতে হবে। শুধু ভালো ফলাফল করলেই চলবে না, ভালো মানুষ হতে হবে। নিজেদের মধ্যে মানবিক মূল্যবোধ ও সামাজিক দায়িত্ববোধ তৈরি করতে হবে। প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রসঙ্গ টেনে ড. জিয়াউদ্দিন হায়দার বলেন, প্রধানমন্ত্রী রাষ্ট্রের দায়িত্ব নেওয়ার আগেই দেশের মানুষের উন্নয়ন এবং শিক্ষা নিয়ে ভাবছেন। শিক্ষাব্যবস্থাকে আরও কর্মমুখী ও দক্ষতাভিত্তিক করার উদ্যোগ নেওয়া হচ্ছে, যাতে শিক্ষার্থীরা পড়াশোনা শেষে নিজেদের যোগ্যতা অনুযায়ী কর্মসংস্থানের সুযোগ পায়। কলেজের শিক্ষার্থীদের সুযোগ-সুবিধা প্রসঙ্গে তিনি বলেন, কলেজের জন্য স্কুলবাসের ব্যবস্থা করার চেষ্টা করবেন। পাশাপাশি ইনডোর গেমসের ব্যবস্থা করার উদ্যোগ নেওয়া হবে। পড়াশোনার পাশাপাশি খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ডেও শিক্ষার্থীদের অংশগ্রহণ বাড়াতে হবে। ক্রীড়াকে আরও এগিয়ে নিতে হবে। কলেজের অধ্যক্ষ প্রফেসর মোহাম্মদ জাহাঙ্গীর হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন পুলিশ সুপার মেরিন সুলতানা, জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট মো. শাহাদাৎ হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মো. বশির গাজী, ঝালকাঠি সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর মো. ইলিয়াস বেপারী এবং শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ঝালকাঠির নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) স্নেহলতা রায়। এ সময় স্থানীয় বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ, কলেজের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ২০২৬-২৭ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ৪৫০ জন নবীন শিক্ষার্থীকে সংবর্ধনা দেওয়া হয়।

নিষেধাজ্ঞা শেষে ধরা পড়া

মাছই ডিম ছাড়তে পারত। ডিম ছাড়তে পারলে নদীতে ইলিশের পরিমাণ বাড়ত। রাজাপুর ইউনিয়নের জনতা বাজার এলাকার জেলে জহির মাঝি জানান, সাতজন মাঝি একটি ট্রলারে করে প্রতিদিন ভোর ও বিকেলে নদীতে যাচ্ছেন। নিষেধাজ্ঞার পর কাঙ্ক্ষিত পরিমাণ ইলিশ পাওয়ার আশা করলেও তা হচ্ছে না। তবে যে কয়টি মাছ পাওয়া যাচ্ছে, প্রায় সবগুলোর পেটেই ডিম রয়েছে। কয়েকটি মাছের ডিম কিছুটা ছাড়া অবস্থায় জালে উঠেছে। একই ইউনিয়নের আরেক জেলে কালাম মাঝি জানান, আটজন মিলে নিষেধাজ্ঞা শেষে নদীতে মাছ ধরা শুরু করেছেন। গত ১ নভেম্বর বিকেল পর্যন্ত তারা বিভিন্ন আকারের সাড়ে ৩৫০ থেকে ৪০০টি ইলিশ পেয়েছেন। এর বেশিরভাগই ছোট আকারের। বড় মাছ ছিল অল্প কয়েকটি। সব মিলিয়ে ১২ থেকে ১৫টি ডিম ছাড়া ইলিশ পেয়েছেন তারা। কিছু পুরুষ ইলিশও ছিল। বাকি মাছগুলোর পেটে ডিম ছিল। ধনিয়া ইউনিয়নের তুলাতুলি এলাকার জেলে জামাল মাঝি ও ভোলার শিবপুরের খাল এলাকার জেলে ভুট্ট মাঝি জানান, বহু বছর ধরে তারা মাছ ধরার পেশায় রয়েছেন। কিন্তু নিষেধাজ্ঞা শেষে এ বছর যত বেশি ডিমওয়ালা ইলিশ পেয়েছেন, অন্য কোনো বছর এমনটি দেখেননি। আগের বছরগুলোতে জালে ডিম ছাড়া ইলিশের সংখ্যাই বেশি থাকত। ডিমওয়ালা মাছ পাওয়া যেত তুলনামূলক কম। তাদের ধারণা, ২২ দিনের নিষেধাজ্ঞা নভেম্বর মাসের প্রথম সপ্তাহে দেওয়া হলে ইলিশের ডিম ছাড়ার সুযোগ বেশি থাকত। তারা বলেন, "আমরা ডিমওয়ালা ইলিশ শিকার করতে চাই না। জালে এমন মাছ উঠলে আমাদেরও খারাপ লাগে। এই ইলিশ ডিম ছাড়লে ভবিষ্যতে আমরাই বড় ইলিশ ধরতে পারব।" ভেদুরিয়া ইউনিয়নের জেলে মো. হানিফ মাঝি ও ফরিদ মাঝিও ভবিষ্যতে ইলিশের সংকট নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। তাদের ভাষ্য, নিষেধাজ্ঞার ২২ দিন তারা অনেক কষ্ট করে নদীতে যাননি। এরপরও যদি ইলিশ ঠিকমতো ডিম ছাড়তে না পারে, তাহলে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হবেন জেলেরা। ভবিষ্যতে নদী ও সাগরে ইলিশের পরিমাণ কমে গেলে মাছ ধরে সংসার চালানো কঠিন হয়ে পড়বে। পূর্ব ইলিশ মৎস্য ঘাটের আড়তদার মো. সাহাবুদ্দিন ফরাজী জানান, প্রজনন মৌসুমের আগে প্রতিবছরই মৎস্য বিভাগকে নিষেধাজ্ঞার সময় সঠিকভাবে নির্ধারণের অনুরোধ করেন তারা। এবারও একই অনুরোধ জানিয়েছিলেন। কিন্তু নিষেধাজ্ঞা শেষে জেলেরা ঘাটে যে ইলিশ নিয়ে আসছেন, তার বেশিরভাগই ডিমওয়ালা। তিনি বলেন, প্রতিদিন ঘাটে জেলেরা ইলিশ নিয়ে আসছেন। আমরা নিলামের মাধ্যমে হাজার হাজার ইলিশ বিক্রি করছি। তবে এবার সবচেয়ে বেশি ডিমওয়ালা ইলিশ দেখা যাচ্ছে। ডিম ছাড়া ইলিশের পরিমাণ খুবই কম। গত বছরের তুলনায় এবার অর্ধেকেরও কম ইলিশ ডিম ছেড়েছে বলে আমার অভিজ্ঞতায় মনে হচ্ছে। সাহাবুদ্দিন ফরাজীর মতে, ৮ থেকে ২৯ অক্টোবর পর্যন্ত নিষেধাজ্ঞার সময় নির্ধারণ সঠিক হয়নি। তার ধারণা, নভেম্বরের ১ তারিখ বা প্রথম সপ্তাহ থেকে ২২ দিনের নিষেধাজ্ঞা শুরু হলে ৯০ থেকে ৯৫ শতাংশ ইলিশ ডিম ছাড়তে পারত। এ কারণে আগামী বছর নিষেধাজ্ঞার তারিখ নির্ধারণে ভোলার জেলে ও মৎস্যজীবীদের মতামত গুরুত্ব দেওয়ার অনুরোধ জানান তিনি। তার আশঙ্কা, এ বছর ইলিশ ঠিকমতো ডিম ছাড়তে না পারলে ভবিষ্যতে নদী ও সাগরে মাছের সংকট দেখা দিতে পারে।

৩৫ কোটি টাকার অবৈধ সম্পদ

নামে-বেনামে অর্জিত স্থাবর-অস্থাবর সম্পদ এবং দায়দেনার বিবরণী জমা দেওয়ার নির্দেশ দেয় দুদক। ওই বছরের ২৩ জুন তিনি নিজের স্বাক্ষরে কমিশনে সম্পদবিবরণী জমা দেন। বিবরণীতে সালাহউদ্দিন রিপন ৪১ কোটি ৯২ লাখ ২৩ হাজার ৮৭৫ টাকার স্থাবর সম্পদ ও ৪ কোটি ২৮ লাখ ৭২ হাজার ২০৯ টাকার অস্থাবর সম্পদের ঘোষণা দেন। পাশাপাশি ৬ কোটি ৩৬ লাখ ৯৭ হাজার ৭৪৯ টাকার দায়দেনা দেখান। দায়দেনা বাদে তাঁর নিট সম্পদের পরিমাণ দাঁড়ায় ৩৯ কোটি ৮৩ লাখ ৯৮ হাজার ৩৩৫ টাকা। দুদকের যাচাইয়ে দেখা যায়, ২০০৭-০৮ থেকে ২০২০-২১ করবর্ষ পর্যন্ত সালাহউদ্দিন রিপনের গ্রহণযোগ্য বৈধ আয় ছিল ৮ কোটি ৫৪ লাখ ৬৪ হাজার ১৩৫ টাকা। এ সময়ে পারিবারিক ও অন্যান্য খাতে তাঁর ব্যয় ছিল ৪ কোটি ২৩ লাখ ৭৪ হাজার ৫৯৬ টাকা। ফলে ব্যয় বাদে তাঁর বৈধ সঞ্চয়ের পরিমাণ দাঁড়ায় ৪ কোটি ৩০ লাখ ৮৯ হাজার ৫৩৯ টাকা। অন্যদিকে, দায়দেনা বাদে তাঁর নামে ৩৯ কোটি ৮৩ লাখ ৯৮ হাজার ৩৩৫ টাকার সম্পদের তথ্য পাওয়া যায়। বৈধ সঞ্চয় বাদ দিলে ৩৫ কোটি ৫৩ লাখ ৮ হাজার ৭৯৬ টাকার সম্পদের কোনো বৈধ উৎস পাওয়া যায়নি বলে দুদকের অনুসন্ধানে উল্লেখ করা হয়েছে। এ ছাড়া সম্পদবিবরণীতে স্থাবর সম্পদ অর্জনের উৎস হিসেবে ব্যবসার আয় দেখালেও এ তথ্যের সত্যতা পাওয়া যায়নি বলে অভিযোগ করেছে দুদক। অনুসন্ধানে তাঁর ব্যবসা থেকে আয়সহ মোট বৈধ আয় পাওয়া যায় ৮ কোটি ৫৪ লাখ ৬৪ হাজার ১৩৫ টাকা। অথচ একই সময়ে তিনি ৪১ কোটি ৯২ লাখ ২৩ হাজার ৮৭৫ টাকার স্থাবর সম্পদ অর্জন করেছেন। দুদকের অভিযোগ, অসৎ উপায়ে ও দুর্নীতির মাধ্যমে অর্জিত সম্পদকে বৈধ করার উদ্দেশ্যে ব্যবসার আয়কে সম্পদ অর্জনের উৎস হিসেবে দেখিয়ে তিনি সম্পদবিবরণীতে মিথ্যা ও ভিত্তিহীন তথ্য দিয়েছেন। এতে তিনি দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ২৭(১) ও ২৬(২) ধারায় শাস্তিযোগ্য অপরাধ করেছেন।

বরিশালের মাঠে মাঠে আমনের

পরিমাণ ছিল স্বাভাবিকের প্রায় ৪ গুণ বেশি। এবার তা স্বাভাবিকের ৪১.৩৩ ভাগ কম। সেপ্টেম্বর জুড়ে বৃষ্টিপাতের ঘাটতি অক্টোবরে আরো ভয়াবহ আকার ধারণ করায় আমনের ক্ষেতে আর্দ্রতার সংকট এখন মারাত্মক। ফলে আমনের ফলন বিপর্যয় নিয়েও শঙ্কা বাড়ছে। সদ্য সমাপ্ত অক্টোবরে বরিশাল অঞ্চলে গড় স্বাভাবিক বৃষ্টিপাতের পরিমাণ ২২৭ মিলিমিটারের স্থলে বরিশাল মহানগরী ও সন্নিহিত এলাকায় বৃষ্টি হয়েছে ৫ মিলিরও কম। আর গোটা বিভাগের গড় বৃষ্টিপাতের পরিমাণ ছিল মাত্র ১৩৩ মিলিমিটার, যা স্বাভাবিকের চেয়ে ৪১.৩৩ ভাগ কম বলে আবহাওয়া অফিস জানিয়েছে। এমনকি সেপ্টেম্বর মাসেও বরিশাল অঞ্চলে স্বাভাবিকের প্রায় ১১ ভাগ কম বৃষ্টি হয়েছে। ফলে বৃষ্টিপাতের এ সীমাহীন ঘাটতি বরিশাল অঞ্চলের প্রধান দানাদার খাদ্য ফসল আমনের জন্য এখনো মারাত্মক দুশ্চিন্তার কারণ হয়ে আছে বলেই মনে করছেন কৃষিবিদগণ। ভাটি এলাকা বিধায় বরিশাল অঞ্চলে আমন ও বোরোসহ সব ফসলের আবাদ ও কর্তনে বিলম্ব ঘটে থাকে। আবাদ কিছুটা বিলম্বের ফলে কর্তনও বিলম্বিত হয়ে থাকে। কিন্তু ততদিনে বৃষ্টির ঘাটতি আমনের জমির আর্দ্রতাকে কেড়ে নেয়। চলতি বছর বর্ষা মাথায় করে গত জুন মাসের প্রথম সপ্তাহে দেশে প্রবেশ করলেও বিদায়ও হয়েছে যথাসময়ে, গত ৯ অক্টোবর। কিন্তু বৃষ্টিপাতের ব্যাপক ঘাটতির ফলে দক্ষিণাঞ্চলের বিশাল আমনের জমিতে সামনের দিনগুলো অত্যন্ত ঝুঁকিপূর্ণ বলেই মাঠ পর্যায়ের কৃষিবিদগণ মনে করেন। এখনো বরিশাল অঞ্চলের বেশিরভাগ ধান থোড় পর্যায়ে রয়েছে। এ সময় স্বাভাবিক বৃষ্টিপাতের বিশেষ প্রয়োজন হলেও সদ্য সমাপ্ত অক্টোবর মাসে বরিশালে স্বাভাবিক অপেক্ষা প্রায় ৪২ ভাগ কম বৃষ্টিপাতে শীতকালীন সবজি ও তেল ফসলসহ বোরো বীজতলা তৈরিও বাধাগ্রস্ত হচ্ছে বলে জানা গেছে। গত কয়েকদিন ধরে দিনরাত ভ্যাপসা গরমের সাথে তাপদাহে সাধারণ মানুষের দুর্ভোগও সব বর্ণনার বাইরে চলে যাচ্ছে। সদ্য সমাপ্ত অক্টোবরে বরিশালে তাপমাত্রার পারদ স্বাভাবিকের প্রায় ৬ ডিগ্রি ওপরে ৩৬.২ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত উঠে যায়। এমনকি সর্বনিম্ন তাপমাত্রাও ছিল স্বাভাবিকের ওপরে। মঙ্গলবারও বরিশাল অঞ্চল জুড়ে তাপমাত্রার পারদ ছিল স্বাভাবিকের ওপরে। আবহাওয়া বিভাগের মতে, দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু গত ৯ অক্টোবর বরিশাল ও তৎসংলগ্ন দক্ষিণ উপকূল ত্যাগ করে। তবে গত মাসের শেষ দিকে বরিশাল সংলগ্ন উত্তর ও উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর থেকে দুটি ঘূর্ণিঝড় ব্যাপক বৃষ্টি ঝড়িয়ে ভারতের ওড়িশা উপকূল অতিক্রম করলেও তার প্রভাবে তেমন কোনো বৃষ্টি ঝরেনি বরিশাল অঞ্চলে। অপরদিকে তাপমাত্রার পারদ স্বাভাবিকের ওপরে থাকায় ধানের ফলনের ওপরও বিরূপ প্রভাব পড়ছে বলে জানা গেছে। বৃষ্টির ঘাটতির সাথে তাপমাত্রা বৃদ্ধির এ ঘটনাকে আবহাওয়ার বৈপরীত্য বলেও মনে করছেন নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক আবহাওয়াবিদগণ। এবারও খরিপ-২ মৌসুমে বরিশাল কৃষি অঞ্চলের কৃষকগণ স্থানীয় সনাতন জাতের পাশাপাশি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) উদ্ভাবিত উফশী জাতের 'বিআর-২৩' ও 'ব্রি ধান-৫২' ধান আবাদ করেছেন। পাশাপাশি চলতি মৌসুমে এ অঞ্চলে 'ব্রি ধান ১০৯' আবাদেও আগ্রহ লক্ষ্য করা গেছে। বন্যা ও প্লাবন সহনশীল এ জাতের ধান ইতোমধ্যে পুরো দক্ষিণাঞ্চল জুড়ে পরিবেশ সহনশীল বলেও প্রমাণিত হয়েছে। আবহাওয়ায় বড় ধরনের কোনো বিপর্যয় সৃষ্টি না হলে আগামী ডিসেম্বরের মধ্যভাগেই বরিশাল কৃষি অঞ্চলে প্রায় ৯ লাখ হেক্টর জমি থেকে অন্তত ২৪ লাখ টন চাল ঘরে তোলার লক্ষ্যে আশায় বুক বেঁধে আছেন বরিশাল অঞ্চলের কৃষিযোদ্ধাগণ। এ ব্যাপারে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) বরিশাল অঞ্চলের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা জানান, এখন পর্যন্ত আমনের জমিতে অনুকূল পরিবেশ বিরাজ করলেও লাগাতার বৃষ্টিপাতের ঘাটতির সাথে তাপমাত্রা বৃদ্ধির বিষয়টি আমনের ফলন বিপর্যয়ের শঙ্কা সৃষ্টি করতে পারে।

এইচএসসির সাপ্লিমেন্টারি পরীক্ষার

ওয়েবসাইটে প্রকাশ করা হবে। ঢাকা শিক্ষা বোর্ডের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সাপ্লিমেন্টারি পরীক্ষায় অংশ নিতে ইচ্ছুক শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা বোর্ডের ওয়েবসাইটে www.dhakaeducationboard.gov.bd শিগগির প্রকাশ করা হবে। বৃহস্পতিবার (৫ নভেম্বর) থেকে শনিবারের (৭ নভেম্বর) মধ্যে শিক্ষাপ্রতিষ্ঠানের মাধ্যমে অনলাইনে ফরম পূরণের কাজ সম্পন্ন করতে হবে। পরীক্ষার প্রয়োজনীয় ফি সোনালী ব্যাংকের যে কোনো শাখার মাধ্যমে ঢাকা শিক্ষা বোর্ডের সচিবের অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে। এ ক্ষেত্রে টাকা জমার রসিদ শিক্ষাপ্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ৮ নভেম্বর। ব্যাংকে পরীক্ষার ফি জমা দেওয়ার ২৪ ঘণ্টার মধ্যে চূড়ান্ত প্রার্থী তালিকা অ্যাকটিভ হবে। তালিকা যাচাই করে পরীক্ষার্থীদের স্বাক্ষর নিতে হবে। পাশাপাশি তালিকার প্রতিটি পৃষ্ঠায় প্রতিষ্ঠানপ্রধানের স্বাক্ষর থাকতে হবে। পরীক্ষার্থীদের স্বাক্ষরসহ চূড়ান্ত তালিকার একটি প্রিন্ট কপি শিক্ষাপ্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, একই নামে একাধিক শিক্ষার্থী থাকলে রেজিস্ট্রেশন নম্বরের ভিত্তিতে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করতে হবে। এ ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে, যাতে প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য কারও নাম নির্বাচিত না হয়। এ ধরনের ভুলের জন্য যাবতীয় দায়ভার প্রতিষ্ঠানপ্রধানকে বহন করতে হবে। সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে টাকা জমার রসিদ এবং পরীক্ষার্থীদের স্বাক্ষরসহ চূড়ান্ত প্রিন্ট আউট শিক্ষাপ্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের ২০২৬ সালের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে। অন্যদিকে, অনিয়মিত পরীক্ষার্থীদের পরীক্ষা নেওয়া হবে শিক্ষা বোর্ডের ২০২৫ সালের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি অনুসারে। ঢাকা শিক্ষা বোর্ডের বিজ্ঞপ্তি অনুযায়ী, সাপ্লিমেন্টারি পরীক্ষায় অংশ নিতে শিক্ষার্থীদের বিষয় ও পরীক্ষার ধরন অনুযায়ী নির্ধারিত ফি দিতে হবে। ফি নির্ধারণ করা হয়েছে এভাবে- তত্ত্বীয় প্রতি পত্র বা বিষয়ের জন্য (নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী) ১২৫ টাকা। ব্যবহারিক প্রতি পত্র বা বিষয়ের জন্য ২৫ টাকা। এইচএসসি পরীক্ষার কেন্দ্র ফি জনপ্রতি ৪৫০ টাকা। কেন্দ্র ফি পরীক্ষার্থীদের কাছ থেকে নিয়ে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার কাছে জমা দিতে হবে। তত্ত্বীয় বিষয়ের আদায় করা কেন্দ্র ফি থেকে প্রত্যেক কলেজ নিজস্ব ব্যয় নির্বাহের জন্য ১০ শতাংশ টাকা রাখতে পারবে। বাকি ৯০ শতাংশ অর্থ পরীক্ষাকেন্দ্রের ব্যয়ভার নির্বাহের জন্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে দিতে হবে। এছাড়া বোর্ড অফিস থেকে অব্যবহৃত উত্তরপত্র ও পরীক্ষা-সংশ্লিষ্ট অন্যান্য সরঞ্জাম সংগ্রহের প্রয়োজনীয় খরচও কেন্দ্র ফি থেকে বহন করতে হবে। অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় কেন্দ্র ফি থেকেই নির্বাহ করতে হবে।

শেখ হাসিনার পালানোর ভিডিওর

বিরুদ্ধে কোনো ষড়যন্ত্র হয়েছিল কি না, সেটিও তদন্ত করে দেখা হচ্ছে। রাষ্ট্রপক্ষের আইনজীবী বলেন, তদন্ত কর্মকর্তা কোনো একটি বিষয়কে সামনে রেখে তদন্ত করছেন না। তাহসিফের ওই ভিডিও, সেদিনের অন্য কোনো ঘটনার ফুটেজ তার কাছে ছিল কি না এবং এসবের সঙ্গে হত্যাকাণ্ডের কোনো যোগসূত্র রয়েছে কি না- সব বিষয়ই বিবেচনায় রাখা হয়েছে। তদন্তের মাধ্যমে প্রকৃত ঘটনা বেরিয়ে আসবে বলে আশা প্রকাশ করেন তিনি। ২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনার দেশত্যাগের সময় হেলিকপ্টারে করে যাওয়ার একটি ভিডিও ধারণ (শেয়ার) করেছিলেন তাহসিফ– শুনানির পর রাষ্ট্রপক্ষের আইনজীবীর বক্তব্যে বিষয়টি নতুন করে আলোচনায় আসে। ওই ভিডিও প্রকাশের পর শেখ হাসিনার দেশত্যাগের দৃশ্যটি দেশজুড়ে ব্যাপকভাবে আলোচিত হয়। তবে ভিডিও ধারণের সঙ্গে তাহসিফ হত্যাকাণ্ডের কোনো সম্পর্ক রয়েছে কি না, সে বিষয়ে এখনো কোনো নিশ্চিত তথ্য পাওয়া যায়নি। রাষ্ট্রপক্ষের আইনজীবী জানিয়েছেন, তদন্ত কর্মকর্তা বিষয়টি সম্ভাব্য সব দিক বিবেচনায় নিয়ে তদন্ত করছেন। গত ২৭ অক্টোবর সন্ধ্যায় বাসা থেকে বের হওয়ার পর নিখোঁজ হন বিমানবাহিনীর সাবেক ফ্লাইট লেফটেন্যান্ট কে এম তাহসিফ সাউরি। পরদিন ২৮ অক্টোবর টঙ্গীর কাছে তুরাগ নদ থেকে তার মরদেহ উদ্ধার করে পুলিশ। এ ঘটনায় তাহসিফের বাবা কে এম এনায়েতুল করিম উত্তরখান থানায় অজ্ঞাতপরিচয় ব্যক্তিদের আসামি করে হত্যা মামলা করেন।

এক যুগ ধরে লোহার খাঁচায় বন্দি

বাবুল হোসেন বলেন, শামীম আলিম পাশ করে ভালোই সংসার জীবন শুরু করেছিলেন; কিন্তু হঠাৎ মানসিক ভারসাম্য হারিয়ে যাকে সামনে পেতেন, তাকেই মারধর করতেন। এ পরিস্থিতিতে তাকে চার বছর শিকল দিয়ে বেঁধে রাখা হয়। এরপর তাকে ছোট্ট একটি পাকা ঘরে লোহার গ্রিল দিয়ে বন্দি করে রাখা হয়। শামীমের বাবা কালাম হাওলাদার বলেন, ছেলের চিকিৎসার জন্য জমি বিক্রি করেছি, মানুষের কাছ থেকে ধারদেনা করেছি। বিভিন্ন জায়গায় চিকিৎসা করিয়েছি; কিন্তু কোনো কাজ হয়নি। এ বিষয়ে বাবুগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আসমা উল হুসনা বলেন, মানসিক ভারসাম্যহীন শামীমের খোঁজখবর নিয়ে প্রয়োজনীয় সহযোগিতা করা হবে।

বরিশাল-ঢাকা মহাসড়কের

আখ্যা দিয়েছে। তার প্রায় সবগুলোই উপকূলীয় এলাকা থেকে আসে। এদের মধ্যে সবচেয়ে বেশি বেয়াদব দশমিনা পরিবহনের গাড়ি, তারপর বাউফল, লাবিবা পরিবহনের আহনাফ, শাহ পরান, মিজান পরিবহন ও হানিফ পরিবহন এখন আগেরকার সাকুরা পরিবহনকেও ছাড়িয়ে গেছে। এই রাস্তায় চলাচল করে দেখা গেছে স্বল্প পাল্লার তিনচাকার গাড়ির মধ্যে টমটম ও মাহিন্দ্রা বেয়াদবির সকল সীমা ছাড়িয়ে গেছে। তারা যথেচ্ছা রাস্তার মাঝখান দিয়ে গাড়ি চালায়। যার জন্য সব সময় জীবনের ঝুঁকি নিয়ে এই মহা সড়কে চলাচল করতে হয়।

নাহিদুল ইসলাম শরীফ, বিক্রয় প্রতিনিধি

পড়াশোনায় মনোযোগী হতে

এলাকায় অটোরিকশায় দিনব্যপি জনসচেতনতামূলক নির্দেশনার প্রচার মাইকিং করা হয়। প্রচারণায় উল্লেখ করা হয়,পিরোজপুর জেলা প্রশাসনের নির্দেশনা অনুযায়ী মাগরিবের পর কোনো শিক্ষার্থী বিনা প্রয়োজনে বাড়ির বাইরে ঘোরাফেরা করতে পারবে না। সব শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মোবাইল ফোন ব্যবহার বন্ধ রাখতে হবে। ১৮ বছরের কম বয়সীদের কাছে বিড়ি-সিগারেট বিক্রি করা যাবে না। এ ছাড়া স্কুল চলাকালীন সময়ে শিক্ষার্থীদের দোকানে বসে আড্ডা দেওয়া থেকে বিরত থাকতে বলা হয়েছে। এ ছাড়া ছোট শিশুদের ডোবা, পুকুর, খাল ও নদী থেকে দূরে রাখতে এবং স্কুল,কলেজ পড়ুয়া সন্তানটি দিনে কি করে,কোথায় যায়,কার সাথে মিসে এসকল বিষয়ে খেয়াল রাখতে অভিভাবকদের প্রতি বিশেষ অনুরোধ জানানো হয়। মাইকিং এর বিষয়ে ভাণ্ডারিয়া উপজেলা ও পৌর প্রশাসক উপজেলা নির্বাহী আফিসার মো. হাসিবুল হসান জানান, সমুন্নত শিক্ষারপ্রসারে শিক্ষার্থীদের নিয়মিত পড়ার টেবিলে ফিরিয়ে আনা এবং পড়াশোনায় পড়াশোনায় মনযোগী হওয়া, শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করা এবং পরীক্ষার ফলাফলের মান উন্নয়নে এ ধরনের সচেতনতামূলক প্রচারণা করা হয়েছে। এসব নির্দেশনা মেনে চলতে শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষক, ব্যবসায়ীসহ সর্বস্তরের মানুষের প্রতি বিশেষ অনুরোধও জানান তিনি।

উজিরপুরে সড়ক সংস্কারের আড়ালে

বহু গাছ কেটে ফেলা হয়েছে। এলাকাবাসী সূত্রে জানা যায়, কয়েকদিন আগেই একদল লোক সরকারি গাছগুলোতে নির্দিষ্ট মার্কিং চিহ্ন দিয়ে যায় এবং এর পরপরই শুরু হয় গাছ কাটার মহোৎসব। এ বিষয়ে শোলক ইউনিয়ন ছাত্রদলের সাবেক সভাপতি তরিকুল ইসলাম চাঁন সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে একটি পোস্ট করেন। সেখানে তিনি এই গাছ চুরির নেপথ্যে উপজেলা শ্রমিকদলের সভাপতি জিয়া আমিন রাঢ়ীসহ স্থানীয় প্রভাবশালী কয়েকজনকে দায়ী করে ইঙ্গিত দেন। যদিও পরবর্তীতে দলীয় চাপে পোস্টটি ডিলিট করতে বাধ্য হন বলে স্বীকার করেন তিনি। তবে গাছ কাটার বিষয়টি সম্পূর্ণ সত্য বলে পুনরায় দাবি করেন তিনি। এ বিষয়ে অভিযুক্ত উজিরপুর উপজেলা শ্রমিকদলের সভাপতি জিয়া আমিন রাঢ়ীর মোবাইল নম্বরে একাধিকবার ফোন দেওয়া হলেও তিনি রিসিভ না করায় তার বক্তব্য নেওয়া সম্ভব হয়নি। উজিরপুর বন কর্মকর্তা মনিরুজ্জামান জানান, 'গাছগুলো সামাজিক বনায়ন কর্মসূচির না হলেও সাবেক এক সংসদ সদস্য স্থানীয়দের সঙ্গে নিয়ে রোপণ করেছিলেন বলে শুনেছি। বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে।' উপজেলা প্রকৌশলী সুব্রত রায় বলেন, 'রাস্তাটি এলজিইডির হলেও গাছগুলো কার লাগানো তা নির্দিষ্ট করে জানা যায়নি। সরকারি সম্পত্তির গাছ চুরি হওয়ায় অজ্ঞাতনামাদের বিরুদ্ধে মামলা করা হয়েছে।' এ বিষয়ে উজিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা আলী সুজা জানান, ঘটনাটি গুরুত্বের সঙ্গে খতিয়ে দেখে অভিযুক্তদের বিরুদ্ধে দ্রুত আইনগত ব্যবস্থা নিতে থানা পুলিশকে নির্দেশনা দেওয়া হয়েছে।

দেড় মাসেই ধসে গেছে বেড়িবাঁধ

এই নিম্নমানের কাজের তীব্র প্রতিবাদ জানিয়েছিলেন। কিন্তু নিয়মের তোয়াক্কা না করে জিও ব্যাগে পর্যাপ্ত বালু বা পাথরের পরিবর্তে নামমাত্র বালু ও মাটি ভরে ডাম্পিং করা হয়। এখানেই শেষ নয়; ভেকু (এক্সকাভেটর) দিয়ে খোদ বেড়িবাঁধসংলগ্ন নদীর তীর থেকেই মাটি কেটে বাঁধ নির্মাণ করায় মাত্র দেড় মাসেই তা হুড়মুড় করে ধসে পড়েছে। স্থানীয়দের দাবি, বেড়িবাঁধ প্রকল্পে হরিলুটের এই মহোৎসবের ফলে বর্তমানে তলিয়ে যাওয়ার শঙ্কা তৈরি হয়েছে অন্তত ১৫টি গ্রামের মানুষের বসতভিটা ও বিস্তীর্ণ ফসলি জমি। চরম আতঙ্কে নির্ঘুম রাত কাটাচ্ছেন এলাকার লক্ষাধিক মানুষ। স্থানীয় বাসিন্দা মো. বাবুল হাওলাদার, মো. হাসান মিয়া ও মো. নুর-আলম মাতুব্বর ক্ষোভ প্রকাশ করে বলেন, পাউবোর অসৎ কর্মকর্তাদের সঙ্গে আঁতাত করে ঠিকাদাররা প্রতি বছরই এই হরিলুট চালায়। সরকারি টাকা পকেটে পুরে তারা আজ আমাদের মৃত্যুর মুখে ঠেলে দিয়েছে। যেকোনো মুহূর্তে বাঁধ ভেঙে পায়রার সর্বনাশা পানি লোকালয়ে ঢুকে তেঁতুলবাড়িয়া, বড় অঙ্কুজান, নলবুনিয়া ও আগাপাড়াসহ ১৫টি গ্রামের ঘরবাড়ি, ফসলি জমি এবং মাছের ঘের চিরতরে গ্রাস করে নিতে পারে। পাউবো সূত্রে জানা যায়, নিশানবাড়িয়া ইউনিয়নের তেঁতুলবাড়িয়া-নলবুনিয়া এলাকায় ৫টি প্যাকেজের আওতায় ৫৯০ মিটার বেড়িবাঁধ সংস্কার ও জিও ব্যাগ ডাম্পিংয়ের কাজ পায় মেসার্স পপুলার কনস্ট্রাকশন, মেসার্স আর.এস কনস্ট্রাকশন, মেসার্স সোহেল এন্টারপ্রাইজ ও মেসার্স মনি ট্রেডার্স। ১ কোটি ৪৭ লাখ ৭৪ হাজার টাকার এই প্রকল্পের কাজ গত ২১ সেপ্টেম্বর শেষ হয়। কাজের অনিয়ম ও দুর্নীতির অভিযোগের বিষয়ে জানেত ঠিকাদারি প্রতিষ্ঠানগুলোর সাথে যোগাযোগের চেষ্টা করা হলে মেসার্স সোহেল এন্টারপ্রাইজ ও মনি ট্রেডার্সের স্বত্বাধিকারীর কোনো বক্তব্য পাওয়া যায়নি। অন্যদিকে, মেসার্স পপুলার কনস্ট্রাকশনের স্বত্বাধিকারী লিমন সব দায় নদীর মোহনার ওপর চাপিয়ে দেন। এবং মেসার্স আর.এস. কনস্ট্রাকশনের স্বত্বাধিকারী রাসেল নামমাত্র দায় স্বীকার করে এক সপ্তাহের মধ্যে সংস্কারের কথা জানিয়েছেন। বরগুনা পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মো. আব্দুল হান্নান প্রধানের সাথে যোগাযোগ করা হলে তিনি অভিযোগ অস্বীকার করেছেন। তিনি দাবি করেন, নদীর তলদেশ থেকে ভাঙন শুরু হওয়ায় জিও ব্যাগে কাজ হচ্ছে না এবং টেকসই কাজের জন্য ইতোমধ্যে ডিপিপি পাঠানো হয়েছে।

খালের ওপর কোচিং সেন্টার, পাটাতন

সরদার। সেখানে সন্তোষপুর নেছারিয়া ফাজিল (ডিগ্রি) মাদ্রাসার প্রভাষক নিজাম উদ্দীন তাঁর সহযোগীদের নিয়ে তৃতীয় থেকে দশম শ্রেণির শিক্ষার্থীদের ইংরেজি, গণিত ও আইসিটি বিষয়ে পড়াতেন। প্রতিদিনের মতো মঙ্গলবার বিকেলেও সেখানে ক্লাস চলছিল। সন্ধ্যার দিকে প্রায় ৫০ জন শিক্ষার্থী ঘরটিতে উপস্থিত ছিল। সন্ধ্যা সাড়ে ৭টার দিকে হঠাৎ কাঠের পাটাতন ভেঙে পড়লে শিক্ষার্থীরা নিচে পড়ে যায়। এতে অন্তত ৩০ জন আহত হয়। দুর্ঘটনার পর শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। আহতদের মধ্যে ষষ্ঠ শ্রেণির লাবিব, অষ্টম শ্রেণির তালেব ও পঞ্চম শ্রেণির মুসার অবস্থা তুলনামূলক গুরুতর। তাদের কাজীরহাট ইসলামিয়া ক্লিনিক অ্যান্ড ডায়াগনস্টিক সেন্টারে চিকিৎসা দেওয়া হচ্ছে। অন্য আহত শিক্ষার্থীরা স্থানীয়ভাবে চিকিৎসা নিয়েছে বলে জানিয়েছেন অভিভাবকেরা। ঘটনায় শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে উদ্বেগ দেখা দিয়েছে। খালের ওপর কাঠের পাটাতন দিয়ে তৈরি একটি ঘরে একসঙ্গে অর্ধশত শিক্ষার্থীকে পাঠদান করানোর ক্ষেত্রে নিরাপত্তার বিষয়টি যথাযথভাবে বিবেচনা করা হয়েছিল কি না, তা নিয়ে প্রশ্ন তুলেছেন স্থানীয় বাসিন্দারা। সপ্তম শ্রেণির এক শিক্ষার্থীর অভিভাবক মো. মজনু ব্যাপারী বলেন, 'শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত না করে এ ধরনের ঝুঁকিপূর্ণ স্থাপনায় পাঠদান করা উচিত হয়নি। ভবিষ্যতে এ ধরনের ঘটনা এড়াতে প্রশাসনের প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া উচিত।' এ বিষয়ে কোচিং সেন্টার পরিচালনাকারী প্রভাষক নিজাম উদ্দীন বলেন, ঘরটির পাটাতনে কিছুটা সমস্যা ছিল। সংস্কারের জন্য ঘরমালিককে অনুরোধ করা হয়েছিল। তিনি সংস্কার না করায় দুর্ঘটনা ঘটেছে। শিক্ষার্থীরা কিছুটা ভয় পেয়েছে, তবে কেউ গুরুতর আহত হয়নি।

আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে পিরোজপুরে

(১৯) এবং শিকারপুর গ্রামের নিরব (১৯)। আহতদের উদ্ধার করে পিরোজপুর জেলা হাসপাতালে নেওয়া হলে কুপিয়ে গুরুতর জখম করা জিহাদ মাতুব্বরের অবস্থার অবনতি হওয়ায় তাকে উন্নত চিকিৎসার জন্য খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা যায়, এলাকায় প্রভাব বিস্তারকে কেন্দ্র করে ছাত্রদলের দুই পক্ষের মধ্যে বেশ কিছুদিন ধরে উত্তেজনা চলছিল। এর জেরে গত সোমবার সন্ধ্যায় এক পক্ষ অপর পক্ষের এক সদস্যকে হাতুড়িপেটা করে। ওই ঘটনার জের ধরে মঙ্গলবার সন্ধ্যায় উভয় পক্ষ দেশীয় ধারালো অস্ত্রশস্ত্র নিয়ে পুরাতন বাসস্ট্যান্ড এলাকায় মুখোমুখি সংঘর্ষে জড়িয়ে পড়ে। পিরোজপুর পৌর ছাত্রদলের আহ্বায়ক মেহেদী হাসান শাওন (বাবু) বলেন, "ছাত্রদল থেকে ইতিপূর্বে বহিষ্কৃত নাফিস আহমেদের নেতৃত্বে ২০-২৫ জন দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে সংঘবদ্ধভাবে এসে হামলা চালায়। এলোপাতাড়ি কুপিয়ে ও পিটিয়ে আমাদের কর্মীদের জখম করে।" ঘটনার বিষয়ে পিরোজপুর জেলা ছাত্রদলের সভাপতি সালাউদ্দিন তালুকদার কুমার বলেন, "আমি বর্তমানে সাংগঠনিক কাজে ঢাকায় অবস্থান করছি, তবে ঘটনাটি জেনেছি। অভিযুক্তদের মধ্যে একজন আগেই দল থেকে বহিষ্কৃত। এ ঘটনায় ছাত্রদলের বর্তমান কোনো নেতা-কর্মী জড়িত থাকলে তদন্ত সাপেক্ষে তার বিরুদ্ধে কঠোর সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে।" পিরোজপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শরিফুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, বাসস্ট্যান্ড এলাকায় মারামারির খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। হামলায় জড়িত থাকার অভিযোগে একজনকে আটক করা হয়েছে। বর্তমানে এলাকার পরিস্থিতি শান্ত রয়েছে। এ বিষয়ে পরবর্তী আইনি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

পৃথিবীর দিকে ধেয়ে আসছে নাসার

মহাকাশযানটির নাম 'নিল গেহরেলস সুইফট অবজারভেটরি'। যুক্তরাষ্ট্রের স্থানীয় সময় বুধবার সকালের দিকে পৃথিবীর বায়ুমণ্ডলে প্রবেশের সময় এটি আগুনে পুড়ে ধ্বংস হয়ে যাবে বলে ধারণা করা হচ্ছে। মহাকাশযানটির বেশির ভাগ অংশ পৃথিবীর বায়ুমণ্ডলের ঘন স্তরে প্রবেশের পর পুড়ে যাবে। তবে এর কিছু ধ্বংসাবশেষ ভূপৃষ্ঠে আছড়ে পড়তে পারে বলে জানিয়েছে নাসা। এক বিবৃতিতে সংস্থাটি জানায়, মহাকাশযানটির ধ্বংসাবশেষের কারণে পৃথিবীর কোনো মানুষের ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা খুবই কম। এ ঝুঁকি ২ হাজার ১০০ জনের মধ্যে একজনের সমান। নাসার ধারণা, সুইফটের ধ্বংসাবশেষ দক্ষিণ অক্ষাংশের ২০ দশমিক ৬ ডিগ্রি থেকে উত্তর অক্ষাংশের ২০ দশমিক ৬ ডিগ্রির মধ্যে পড়তে পারে। অর্থাৎ বিষুবরেখার উত্তর ও দক্ষিণে প্রায় ১ হাজার ৪২০ মাইল বা ২ হাজার ২৮৫ কিলোমিটার বিস্তৃত এলাকায় এর ধ্বংসাবশেষ ছড়িয়ে পড়ার আশঙ্কা রয়েছে। এই এলাকার মধ্যে মধ্য ও দক্ষিণ আমেরিকা, মধ্য আফ্রিকা, দক্ষিণ ভারত, দক্ষিণ-পূর্ব এশিয়া এবং উত্তর অস্ট্রেলিয়ার বিস্তীর্ণ অঞ্চল রয়েছে। পাশাপাশি বিশাল সমুদ্র এলাকাও এর আওতায় পড়েছে। তবে মহাকাশযানটি ঠিক কখন পৃথিবীর বায়ুমণ্ডলে প্রবেশ করবে, তা এখনো নিশ্চিত নয়। এ ধরনের পূর্বাভাসে সাধারণত কয়েক ঘণ্টার ব্যবধান থাকতে পারে। অলাভজনক গবেষণা সংস্থা অ্যারোস্পেস করপোরেশনের পূর্বাভাস অনুযায়ী, যুক্তরাষ্ট্রের পূর্বাঞ্চলীয় সময় বুধবার ভোর ৫টা ১৯ মিনিটে এটি পৃথিবীর বায়ুমণ্ডলে প্রবেশ করতে পারে। তবে সময়ের হেরফের হতে পারে দুই ঘণ্টা। অন্যদিকে যুক্তরাষ্ট্রের মহাকাশ বাহিনীর সর্বশেষ পূর্বাভাসে সময়টি বলা হয়েছে সকাল ৭টা ৪২ মিনিট। অ্যারোস্পেস করপোরেশনের মতে, বর্তমানে কোনো মহাকাশযান উৎক্ষেপণ করা হলে তার কার্যক্রম শেষ হওয়ার পর পৃথিবীতে ফিরে আসার ঝুঁকি কমাতে আরও কঠোর নিরাপত্তাবিধি মানতে হতো। ২০১৯ সালে হালনাগাদ করা মহাকাশের ধ্বংসাবশেষ নিয়ন্ত্রণবিষয়ক নীতিমালায় বলা হয়েছে, নিয়ন্ত্রণহীনভাবে পৃথিবীতে ফিরে আসা কোনো মহাকাশযানের কারণে প্রাণহানি বা গুরুতর আহত হওয়ার আশঙ্কা ১০ হাজারে একজনের কম হতে হবে। অ্যারোস্পেস করপোরেশনের মুখপাত্র পার্কার উইশিক এক ই-মেইলে জানান, এখানে হতাহত বলতে গুরুতর আহত হওয়া কিংবা প্রাণহানির ঝুঁকিকে বোঝানো হয়েছে। নাসা আগে থেকেই জানত, সুইফট একসময় নিয়ন্ত্রণহীনভাবে পৃথিবীর দিকে নেমে আসতে পারে। তবে সংস্থাটির আশা ছিল, গত জুলাইয়ে পাঠানো একটি বিশেষ উদ্ধার অভিযান মহাকাশযানটিকে ধরে আবার উঁচু কক্ষপথে নিয়ে যেতে পারবে। এতে এর কার্যক্ষমতা আরও ১০ বছর বা তার বেশি বাড়ানো সম্ভব হতো। কিন্তু শেষ পর্যন্ত সেই চেষ্টা ব্যর্থ হয়। পৃথিবীর বায়ুমণ্ডলের ঘর্ষণ ও টানের কারণে মহাকাশযানটি ক্রমেই নিচে নেমে আসে। একপর্যায়ে পৃথিবীর ভূপৃষ্ঠ থেকে এর উচ্চতা কমে মাত্র ১৭১ মাইল বা ২৭৫ কিলোমিটারে দাঁড়ায়। এরপর এটি আনুষ্ঠানিকভাবে বৈজ্ঞানিক তথ্য সংগ্রহ বন্ধ করে দেয়। নাসা এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায়, ওই পর্যায়ে মহাকাশযানটি বায়ুমণ্ডলীয় ঘর্ষণের বাড়তি চাপ সামাল দিতে পারছিল না। ফলে এটি স্বয়ংক্রিয় নিরাপদ অবস্থায় চলে যায়। প্রকল্পটির অংশীদার যুক্তরাষ্ট্রের পেনসিলভানিয়া স্টেট ইউনিভার্সিটির একদল গবেষক সুইফটের কার্যক্রম স্থায়ীভাবে বন্ধ করতে ২০ অক্টোবর শেষ নির্দেশ পাঠান। বিশ্ববিদ্যালয়টিতে মহাকাশযানটির মিশন পরিচালনাকেন্দ্র অবস্থিত। গত কয়েক বছরে সূর্যের সক্রিয়তা বেড়ে যাওয়ায় মহাকাশযানটির পৃথিবীতে ফিরে আসার প্রক্রিয়া আরও দ্রুত হয়েছে। ২০২৪ সালে সূর্য তার ১১ বছর মেয়াদি চক্রের সর্বোচ্চ সক্রিয়তার পর্যায়ে পৌঁছায়। এ সময় সৌরঝড়, তীব্র সৌরশিখা এবং করোনাল মাস ইজেকশনের কারণে পৃথিবীর বায়ুমণ্ডল প্রসারিত হয়। এতে মহাকাশযানটির ওপর বায়ুমণ্ডলীয় ঘর্ষণ বেড়ে যায়। ফলে বিজ্ঞানীরা আগেই ধারণা করেছিলেন, চলতি বছরের শরৎকালে এটি পৃথিবীর দিকে নেমে আসবে। এদিকে মহাকাশযানটিকে রক্ষার শেষ চেষ্টা চালিয়েছিল যুক্তরাষ্ট্রের অ্যারিজোনাভিত্তিক প্রতিষ্ঠান ক্যাটালিস্ট স্পেস টেকনোলজিস। মাত্র নয় মাসের মধ্যে তারা 'লিংক' নামের একটি মহাকাশযান তৈরি করে। এর লক্ষ্য ছিল সুইফটকে ধরে আবার নিরাপদ কক্ষপথে তুলে দেওয়া। গত জুলাইয়ে লিংক উৎক্ষেপণ করা হলেও কয়েক সপ্তাহের মধ্যেই অভিযানটি ব্যর্থ হয়। সুইফটের কাছে পৌঁছানোর আগেই মহাকাশে নিয়ন্ত্রণ হারিয়ে ঘুরতে শুরু করে উদ্ধারকারী যানটি।

যুক্তরাষ্ট্র ফের হামলা চালালে আরও

তিনি বলেছেন, যুক্তরাষ্ট্রের সামরিক শক্তির সীমাবদ্ধতা এরই মধ্যে স্পষ্ট হয়েছে। ইরানের 'জাতীয় অহংকারের বিরুদ্ধে লড়াই দিবস' উপলক্ষে দেওয়া এক বার্তায় এসব কথা বলেন খামেনি। তিনি বলেন, হরমুজ প্রণালির ওপর ইরানের নিয়ন্ত্রণ এবং মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্রের সামরিক ঘাঁটিগুলোতে হামলা ওয়াশিংটনের সামরিক পদক্ষেপের জবাব হিসেবেই দেওয়া হয়েছে। খামেনি সতর্ক করে বলেন, এ ধরনের আগ্রাসনের পুনরাবৃত্তি হলে জবাব আরও অনেক বিস্তৃত পরিসরে দেওয়া হবে। বার্তায় মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে ইরান-সমর্থিত সশস্ত্র গোষ্ঠীগুলোর কার্যক্রমেরও প্রশংসা করেন তিনি। এসব গোষ্ঠীকে 'প্রতিরোধ ফ্রন্ট' হিসেবে উল্লেখ করে খামেনি বলেন, ফিলিস্তিন, লেবানন, ইরাক ও ইয়েমেনে তাদের 'বিচক্ষণ ও শক্তিশালী বীরত্বপূর্ণ কর্মকাণ্ড' প্রশংসার দাবিদার। তার মতে, সাম্প্রতিক ঘটনাপ্রবাহ প্রমাণ করেছে যে যুক্তরাষ্ট্রের সামরিক শক্তিরও সীমাবদ্ধতা রয়েছে। এ পরিস্থিতিতে ইরানের প্রতিরক্ষা সক্ষমতা আরও জোরদার করার আহ্বান জানান তিনি। খামেনি বলেন, পূর্ণাঙ্গ প্রতিরোধক্ষমতা অর্জনের একমাত্র পথ হলো ব্যাপক উন্নয়নের মাধ্যমে 'আরও শক্তিশালী ইরান' গড়ার কৌশল অব্যাহত রাখা।

চাঁদপুরে ইউপি সদস্য প্রার্থী মিজানুর

অন্যদিকে, প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা নিয়েও তৈরি হয়েছে অস্পষ্টতা। মিজানুর রহমান নিজেকে মাওলানা ও ফাজিল পাস বলে পরিচয় দিলেও তার সনদ নিয়ে প্রশ্ন উঠেছে। বর্তমানে মাওলানা মিজানুর রহমান চাঁদপুর ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের দক্ষিণ হিজলতলা কারিমিয়া কিরাতুল কুরআন ও ফোরকানিয়া মাদ্রাসার শিক্ষক হিসেবে কর্মরত আছেন। এ বিষয়ে প্রতিবেদকের সঙ্গে কথা বলার সময় ফাজিল পাসের সাল হিসেবে তিনি কখনো ২০০৭, কখনো ২০০৮ আবার কখনো ২০১০ সালের কথা উল্লেখ করেন। একপর্যায়ে শিক্ষাগত যোগ্যতার সনদ দেখতে চাওয়া হলে তিনি তা দেখাতে পারেননি। এ অবস্থায় তার প্রকৃত শিক্ষাগত যোগ্যতা যাচাইয়ের দাবি জানিয়েছেন স্থানীয়রা। এ ছাড়া তার ছেলে জাতীয় কোরআন প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জন করেছে বলেও প্রচার রয়েছে। তবে কোন প্রতিষ্ঠানের আয়োজনে, কোথায় এবং কবে ওই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে, সে বিষয়ে সুনির্দিষ্ট তথ্য কিংবা কোনো সনদ দেখাতে পারেননি বলে অভিযোগ উঠেছে। বিষয়টি নিয়েও স্থানীয়দের মধ্যে আলোচনা চলছে। সচেতন এলাকাবাসীর মতে, একজন জনপ্রতিনিধি প্রার্থীর রাজনৈতিক সমর্থন, শিক্ষাগত যোগ্যতা ও পারিবারিক অর্জনসংক্রান্ত প্রতিটি দাবির যথাযথ ভিত্তি থাকা প্রয়োজন। বিশেষ করে ধর্মীয় অনুভূতি ও পরিচয়কে নির্বাচনী প্রচারণায় ব্যবহার করে ভোটারদের প্রভাবিত করার অভিযোগ উঠলে তা গুরুত্বের সঙ্গে যাচাই করা উচিত। এদিকে, এসব অভিযোগের বিষয়ে মাওলানা মিজানুর রহমানের বলেন- তার জনপ্রিয়তা ঈর্ষান্বিত হয় একটি স্বার্থান্বেষী মহল তার বিরুদ্ধে এই অপপ্রচার চালাচ্ছে। শিক্ষাগত সনদ, ছেলের প্রতিযোগিতায় প্রথম হওয়ার প্রমাণ এবং চরমোনাইয়ের পীরের সমর্থনসংক্রান্ত বিষয়ে আনুষ্ঠানিক ভাবে কেউ চ্যালেঞ্জ করলে তা প্রকাশ করা হবে। নির্বাচনের আগে প্রার্থীকে ঘিরে ওঠা এসব প্রশ্নের নিরপেক্ষ নিষ্পত্তি চান স্থানীয় ভোটাররা। তাদের প্রত্যাশা, প্রচারণার প্রতিটি দাবির সত্যতা প্রকাশিত হবে এবং ভোটাররা কোনো বিভ্রান্তির শিকার না হয়ে তথ্য-প্রমাণের ভিত্তিতে নিজেদের প্রতিনিধি নির্বাচন করতে পারবেন।

৬২ হাজার টন কয়লা

বন্দরের হারবার মাস্টার ক্যাপ্টেন এস এম শরিফুর রহমান জানান, বুধবারে আনুষ্ঠানিকভাবে কয়লা খালাস কার্যক্রম শুরু হয়েছে। সুরক্ষার স্বার্থে প্রথমে বহির্নোঙরে রেখে লাইটারেজের মাধ্যমে জাহাজটির অর্ধেকের বেশি কয়লা খালাস করা হবে। পরবর্তীতে জাহাজটির ওজন ও ড্রাফট কমলে সেটিকে মূল টার্মিনালে এনে অবশিষ্ট পণ্য খালাস করার পরিকল্পনা রয়েছে। তিনি আরও উল্লেখ করেন, পায়রা বন্দরের নাব্যতা বৃদ্ধির ফলে এখন নিয়মিতই এমন বৃহৎ আকারের মাদার ভেসেল আনাগোনা করবে। এতে করে দেশের বাণিজ্য সম্প্রসারণের পাশাপাশি অর্থনৈতিক প্রবৃদ্ধিতেও পায়রা বন্দর একটি গুরুত্বপূর্ণ কেন্দ্রবিন্দুতে পরিণত হচ্ছে।

জাতীয় যুব পুরস্কার অর্জনকারী শিরিন

যাচ্ছেন। তাঁর এই গৌরবময় সাফল্যে পিরোজপুর জেলা ও নেছারাবাদ উপজেলা প্রশাসন তাঁকে অভিনন্দন জানিয়েছে। অর্জিত জাতীয় যুব পুরস্কারের ক্রেস্ট এবং ১ লাখ ৫০ হাজার টাকা সম্পূর্ণ অর্থ তিনি নেছারাবাদ উপজেলা কর্মকর্তা (ইউএনও) মো: আশিক আহামেদ এর মাধ্যমে অত্র ক্লাবের জনকল্যাণমূলক কর্মকাণ্ড উন্নয়নে দান করেছেন। পাইওনিয়ার ইয়থ ক্লাবের সভাপতি মো. মিজানুর রহমান জানান, মানবতার সার্বিক উন্নয়নে তাঁদের এই প্রচেষ্টা অব্যাহত থাকবে। এই অর্জন পুরো বরিশাল বিভাগের জন্য একটি বড় গৌরবের বিষয়।

চরফ্যাশনে অবৈধ ট্রলিং বোট

আর্টিসানাল ফাইবার ট্রলিং বোট জব্দ করা হয়। পরে বোটটিতে তল্লাশি চালিয়ে চারটি ট্রলিং জাল, দুটি উইংস, একটি ডেরিক, দুটি ট্রলডোর ও অন্যান্য ট্রলিং সরঞ্জাম উদ্ধার করা হয়। এ সময় বোটে থাকা ১৪ জেলেকে আটক করা হয়। কোস্ট গার্ডের এ কর্মকর্তা আরও জানান, জব্দ করা বোট, ট্রলিং জাল ও সরঞ্জাম এবং আটক জেলেদের বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। তিনি বলেন, মৎস্যসম্পদ রক্ষায় কোস্ট গার্ডের এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

৯০ বস্তা সরকারি সার

কোনো বৈধ মূল্য পরিশোধের রসিদ দেখাতে পারেননি। তবে স্থানীয় কৃষক মাইনুদ্দিন জানান, মাঝির কাছ থেকে পাওয়া একটি রসিদে ৮০ বস্তা ডিএপি সারের উল্লেখ থাকলেও বাকি ২১০ বস্তা সারের কোনো বৈধ উৎস পাওয়া যায়নি। কৃষকদের অভিযোগ, ডিলাররা কৃষকদের নামে ভুয়া ভাউচার তৈরি করে সার উত্তোলন করে কৃত্রিম সংকট তৈরি করছেন এবং অধিক মুনাফায় তা বাইরে পাচার করছেন। এ বিষয়ে বক্তব্য জানতে বিএডিসির সার ও বীজ ডিলার মেসার্স মিজান ট্রেডার্সের স্বত্বাধিকারীর সঙ্গে মুঠোফোনে যোগাযোগের চেষ্টা করা হলেও তাঁকে পাওয়া যায়নি। ভোলা সদর উপজেলা কৃষি কর্মকর্তা মো. কামরুল হাসান জানান, ডিলার পয়েন্টের তথ্য অনুযায়ী সারগুলো বিভিন্ন চরে তরমুজ, ক্যাপসিকাম ও সবজি চাষের জন্য কৃষকদের কাছে নেওয়া হচ্ছিল বলে দাবি করা হয়েছে। অবৈধভাবে কাগজপত্র তৈরি করে সার উত্তোলন করা হয়েছে কি না, তা তদন্ত করে দেখা হবে। ভোলা সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সজল চন্দ্র শীল জানান, সারগুলোর বৈধ কাগজপত্র তাৎক্ষণিকভাবে পাওয়া যায়নি। তাই যাচাই-বাছাইয়ের জন্য সারগুলো উদ্ধার করে একটি গোডাউনে রেখে সেটি সিলগালা করা হয়েছে। বিষয়টি গুরুত্বসহকারে তদন্ত করে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

কাউখালীতে পুকুরে মিললো

মরদেহটি উদ্ধার করেন এবং তাৎক্ষণিকভাবে উপজেলা নির্বাহী কর্মকর্তাকে অবহিত করেন। খবর পেয়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আবাসিক মেডিকেল কর্মকর্তা ডা. নাহিদ হাসান শাওন ঘটনাস্থলে উপস্থিত হন। পরীক্ষা-নিরীক্ষা শেষে তিনি ওই বৃদ্ধকে মৃত ঘোষণা করেন। এদিকে খবর পেয়ে কাউখালী থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মরদেহের সুরতহাল প্রতিবেদন তৈরি করে। নিহত শাজাহান আকন পিরোজপুর জেলা সদর হাসপাতালসংলগ্ন বলাকা ক্লাব এলাকার মৃত শামসুদ্দিন আকনের ছেলে। বিভিন্ন সূত্রে জানা গেছে, তার ছেলে মিরাজ হোসেন কাউখালী উপজেলায় পরিচ্ছন্নতাকর্মী হিসেবে কর্মরত। তাবলিগ জামাতের একটি চিল্লা শেষ করে শাজাহান আকন সরাসরি ছেলের কর্মস্থল কাউখালী উপজেলা কোয়ার্টারে তার বাসায় আসেন। বুধবার সকালে ছেলের সঙ্গে নাশতা করার পর মিরাজ প্রতিদিনের মতো অফিসে যান। বাসায় অন্য কেউ না থাকায় ধারণা করা হচ্ছে, এরপর কোনো একসময় তিনি গোসল করতে উপজেলা পরিষদের পুকুরে নেমেছিলেন। বাদ জোহর উপজেলা পরিষদ চত্বরে মরহুমের জানাজা অনুষ্ঠিত হয়। পরে দাফনের জন্য তার মরদেহ পিরোজপুরে পাঠানো হয়। এ বিষয়ে কাউখালী থানা পুলিশের তদন্ত কর্মকর্তা এবাদ আলী বলেন, মরদেহের সুরতহাল প্রতিবেদন তৈরি এবং হাসপাতাল থেকে মৃত্যু সনদ পাওয়ার পর ছেলের আবেদনের পরিপ্রেক্ষিতে পরিবারের কাছে মরদেহ হস্তান্তর করা হয়েছে। অপমৃত্যুর ঘটনায় দাফনের জন্য কোনো অনুদান দেওয়া হয়েছে কি না, জানতে চাইলে উপজেলা নির্বাহী কর্মকর্তা রেহেনা আক্তার বলেন, মৃত্যুর সঙ্গে অনুদানের কোনো সম্পর্ক নেই। মরদেহ দাফনের জন্য কোনো অনুদান দেওয়া হয়নি।

গ্যাস উৎপাদন বাড়াতে ৫ বছরে শতাধিক কূপ খনন করতে চায় সরকার

কীর্তনখোলা ডেস্ক

বিশ্বজুড়ে সরবরাহ ব্যবস্থার সংকটের মধ্যে দেশীয় গ্যাসের উৎপাদন বাড়াতে ২০৩১ সালের মধ্যে ১৫০টি কূপ খনন ও সংস্কারের (ওভারহোলিং) রোডম্যাপ তৈরি করেছে সরকার। দুই ধাপে বাস্তবায়নের জন্য নির্ধারিত এই পরিকল্পনার মূল লক্ষ্য হলো দেশীয় উৎস থেকে দৈনিক ১,৭৫২ মিলিয়ন ঘনফুট (এমএমসিএফডি) গ্যাস নিশ্চিত করা। রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসসের প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। কর্মপরিকল্পনা অনুযায়ী, এই কার্যক্রমকে দুটি ধাপে ভাগ করা হয়েছে। প্রথম ধাপ ২০২৮ সালের জানুয়ারি এবং দ্বিতীয় ধাপ ২০২৮ সালের ফেব্রুয়ারি থেকে ২০৩১ সালের ডিসেম্বরের মধ্যে সম্পন্ন করা হবে। পেট্রোবাংলার এক কর্মকর্তা বাসসকে জানান, দেশীয় প্রাকৃতিক গ্যাসের উৎপাদন বৃদ্ধি, আমদানিকৃত তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের (এলএনজি) ওপর নির্ভরতা হ্রাস এবং গ্যাস সরবরাহ ও চাহিদার মধ্যকার ক্রমবর্ধমান দূরত্ব কমিয়ে আনতেই তারা কাজ করছেন। পরিকল্পনা কমিশনের অন্য এক কর্মকর্তা জানান, মোট ১৫০টি কূপের মধ্যে ১০৪টি নতুন কূপ খনন করা হবে এবং ৪৬টিতে চলবে সংস্কার বা ওয়ার্কওভারের কাজ। পরিকল্পনা অনুযায়ী, ২৭টি প্রকল্পের আওতায় ৭৭টি কূপ এবং কোম্পানিগুলোর অনুমোদিত ৪টি কূপের সংস্কারকাজে সরকারের নীতিগত সায় মিলেছে। ওই কর্মকর্তা জানান, অনুমোদিত ৫১টি কূপের মধ্যে ৩২টির কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। বর্তমানে মাঠে ১১টি কূপের বাস্তবায়নকাজ চলছে এবং বাকি ৮টিতে কাজ শুরুর প্রতীক্ষায় রয়েছে। তিনি আরও যোগ করেন, প্রক্রিয়াধীন থাকা আরও ১০টি প্রকল্পের অধীন ২৬টি কূপের জন্য অনুমোদন চাওয়া হবে এবং অবশিষ্ট ৭৩টি কূপ পর্যায়ক্রমে প্রকল্প বা বোর্ডের অনুমোদনের আওতায় আনা হবে। পেট্রোবাংলার চেয়ারম্যান আবদুল মান্নান বাসসকে বলেন, দেশীয় জ্বালানি উৎপাদন জোরদার ও গ্যাসের ঘাটতি মেটাতে সরকার ২০৩১ সালের মধ্যে ১৫০টি কূপ খননের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। তিনি বলেন, নতুন কূপের গ্যাস জাতীয় গ্রিডে যোগ হলে আমদানিকৃত এলএনজির ওপর নির্ভরতা কমবে। নির্ধারিত লক্ষ্য অনুযায়ী কূপ খননের গতি বাড়াতে সরকার কাজ করে যাচ্ছে। পরিকল্পনা কমিশনের তথ্য অনুযায়ী, ইতোমধ্যে কাজ শেষ হওয়া ৩২টি কূপ থেকে দৈনিক ২৭০.৮ মিলিয়ন ঘনফুট গ্যাস সরবরাহের সম্ভাবনা তৈরি হয়েছে, যার মধ্যে ১৩৯.৬ এমএমসিএফডি গ্যাস প্রাথমিক পর্যায়ে জাতীয় গ্রিডে যুক্ত হয়েছে। বর্তমান সরকার দায়িত্ব নেওয়ার পর খনন ও সংস্কারের মাধ্যমে সম্পন্ন হওয়া ১১টি কূপ থেকে অতিরিক্ত ৫৮.৮ এমএমসিএফডি গ্যাস সরবরাহের সম্ভাবনা তৈরি হয়েছে, যার মধ্যে ৪১.৯ এমএমসিএফডি গ্যাস জাতীয় গ্রিডে প্রবেশ করেছে। বর্তমানে মাঠে বাস্তবায়ন পর্যায়ে থাকা ১১টি কূপের মধ্যে রয়েছে বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন অ্যান্ড প্রডাকশন কোম্পানি লিমিটেডের (বাপেক্স) সুন্দলপুর দক্ষিণ-১, ভোলা উত্তর-৩, ভোলা উত্তর-৪, শাহবাজপুর উত্তর-পূর্ব-১, শ্রীকাইল ডিপ-১, মোবারকপুর ডিপ-১ ও ফেঞ্চুগঞ্জ দক্ষিণ-১; বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানি লিমিটেডের (বিজিএফসিএল) তিতাস-২৯, বাখরাবাদ-৭ ও তিতাস-৩১ ডিপ; এবং সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেডের (এসজিএফএল) রশীদপুর-১৩। অনুমোদনের অপেক্ষায় থাকা ১০টি প্রকল্পের অন্যতম হলো প্রস্তাবিত তিতাস-৩২ এবং তিতাস-৩৩ খনন প্রকল্প। এটি অনুমোদন পেলে উন্মুক্ত প্রতিযোগিতামূলক দরপত্রের মাধ্যমে ঠিকাদার নির্বাচন করে কূপ দুটির খননকাজ সম্পন্ন করা হবে। কাগজে-কলমে বাংলাদেশে প্রতিদিন ৫ হাজার ৩০০ মিলিয়ন ঘনফুট গ্যাসের প্রয়োজন হলেও বাস্তবে ব্যবহার হয় ৩ হাজার ৮০০ মিলিয়ন ঘনফুট। অথচ প্রতিদিন গড়ে জোগান দেওয়া সম্ভব হচ্ছে মাত্র ২ হাজার ৭০০ মিলিয়ন ঘনফুট। ফ্লোটিং স্টোরেজ অ্যান্ড রিগ্যাসিফিকেশন ইউনিটের (এফএসআরইউ) মাধ্যমে সরবরাহ করা আমদানিকৃত এলএনজি থেকে আসছে ১ হাজার ১০০ এমএমসিএফডি, যা মোট সরবরাহের ৪১ শতাংশ। আন্তর্জাতিক তেল কোম্পানিগুলো সরবরাহ করছে ৮ ৯০ এমএমসিএফডি (৩৩ শতাংশ), আর দেশীয় সরকারি কোম্পানিগুলো দিচ্ছে ৭২৬ এমএমসিএফডি (২৬ শতাংশ)। দেশীয় উৎপাদনের মধ্যে বিজিএফসিএল সরবরাহ করছে ৪৮০ মিলিয়ন ঘনফুট গ্যাস , এসজিএফএল ১৩৮ মিলিয়ন ঘনফুট গ্যাস এবং বাপেক্স ১০৮ মিলিয়ন ঘনফুট গ্যাস। অন্যদিকে আন্তর্জাতিক কোম্পানিগুলোর মধ্যে শেভরন দিচ্ছে ৮৬১ মিলিয়ন ঘনফুট গ্যাস এবং ক্রিসএনার্জি বাংলাদেশ দিচ্ছে ৩০ মিলিয়ন ঘনফুট গ্যাস। বাংলাদেশ এ পর্যন্ত মোট ২৬২টি কূপ খনন করেছে, যার মধ্যে বর্তমানে ১১৯টি থেকে গ্যাস উৎপাদিত হচ্ছে। এর মধ্যে ৭৬টি কূপ পরিচালনা করছে দেশীয় কোম্পানিগুলো এবং ৪৩টি আন্তর্জাতিক তেল কোম্পানিগুলো।

একনেকে ১৩ প্রকল্প অনুমোদন

পুনরুদ্ধার ও পুনঃখনন কাজ (১ম পর্ব) প্রকল্প, ইনোভেশন ফর ক্লাইমেট স্মার্ট আরবান ডেভেলপমেন্ট প্রকল্প এবং সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প। অগ্রাধিকার ভিত্তিতে গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প-০৩ (সংশোধিত), স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দুটি প্রকল্প- বাংলাদেশ পুলিশের সক্ষমতা বৃদ্ধির জন্য বিশেষায়িত যানবাহন ক্রয়, বাংলাদেশ পুলিশের সক্ষমতা বৃদ্ধির জন্য অপারেশনাল যানবাহন ক্রয় প্রকল্প; প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ঢাকা সেনানিবাসে মঈনুল রোড আবাসিক এলাকায় 'বি' টাইপ অফিসার্স বাসস্থান নির্মাণ, জিগাতলাস্থ গাবতলা কলোনীতে সরকারি কর্মচারীদের জন্য বহুতল আবাসিক ভবন নির্মাণ প্রকল্প। দেশের ৫টি মেডিকেল কলেজ হাসপাতাল ক্যাম্পাসে ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন অ্যান্ড অ্যালায়েড সায়েন্সেস (ইনমাস) স্থাপন, শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি ৫) প্রকল্প; বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের তিতাস গ্যাস ফিল্ডে ২টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ (তিতাস ৩২ ও ৩৩) খনন প্রকল্প; দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের গ্রামীণ রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্প (৩য় সংশোধিত)। এদিকে বরিশাল নগরীর দীর্ঘদিনের জলাবদ্ধতা নিরসন, খালের নাব্যতা ফিরিয়ে আনা এবং আধুনিক ও পরিবেশবান্ধব নগর গঠনে এক যুগান্তকারী উন্নয়ন প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। নগরীর বিভিন্ন খালের পাড় সংরক্ষণ, পুনরুদ্ধার ও পুনঃখননের লক্ষ্যে ৭৬৮ কোটি ৪০ লাখ ৮ হাজার টাকা ব্যয় ধরে ১০টি খালের সৌন্দর্যবর্ধন এবং ২০টি খাল খননের এই মেগা প্রকল্প অনুমোদন করেছেন প্রধানমন্ত্রী। এই যুগোপযোগী উন্নয়ন প্রকল্প অনুমোদন করায় প্রধানমন্ত্রীকে বরিশালবাসীর পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও গভীর কৃতজ্ঞতা জানিয়েছেন বিএনপি জাতীয় নির্বাহী কমিটির সাংগঠনিক সম্পাদক, সাবেক সংসদ সদস্য এবং বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন। এক বিশেষ বিবৃতিতে অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন বলেন, "নগরীর বিভিন্ন খালের পাড় সংরক্ষণ, নাব্যতা ফিরিয়ে আনা ও আধুনিক পানি নিষ্কাশন ব্যবস্থা গড়ে তুলতে এই প্রকল্পটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এটি বাস্তবায়িত হলে নগরীর দীর্ঘদিনের জলাবদ্ধতার অবসান ঘটবে এবং নৌপথে যাত্রী ও পণ্য পরিবহন বহুগুণে বৃদ্ধি পাবে।" তিনি আরও উল্লেখ করেন, প্রকল্পটির সফল বাস্তবায়ন বরিশালকে একটি পরিচ্ছন্ন, নান্দনিক, পরিবেশবান্ধব ও আধুনিক নগরী হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হয়ে থাকবে। বরিশালবাসীর জীবনযাত্রার মান উন্নয়ন ও নগরীর সৌন্দর্য বৃদ্ধির এই মহতী উদ্যোগের জন্য বিবৃতিতে তিনি প্রধানমন্ত্রীকে পুনরায় আন্তরিক ধন্যবাদ প্রকাশ করেন।

আগামী বছরও ঈদুল ফিতরে

ছুটি থাকবে বলেও জানান ওই কর্মকর্তা। আগামী বছর সাধারণ ও নির্বাহী আদেশ মিলিয়ে ২৯ দিন ছুটি থাকবে। এরমধ্যে সাতদিন পড়েছে সাপ্তাহিক ছুটির দিন শুক্র ও শনিবার। গত ২ নভেম্বর মন্ত্রিসভা বৈঠকে ২০২৬ সালের ছুটির তালিকা অনুমোদন দেওয়া হয়। আগামী বছর সাধারণ ছুটি ১৫ দিন ও নির্বাহী আদেশে ছুটি ১৪ দিন। তবে সাধারণ ছুটির মধ্যে চারদিন এবং নির্বাহী আদেশের ছুটির মধ্যে তিনদিন সাপ্তাহিক ছুটি থাকবে।

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ০৫ নভেম্বর ২০২৬ ॥ ২০ কার্তিক ১৪৩৩

যুক্তরাষ্ট্র ফের হামলা চালালে আরও বড় জবাব দেবে ইরান: খামেনি

কীর্তনখোলা ডেস্ক

ইরানে যুক্তরাষ্ট্র নতুন করে সামরিক হামলা চালালে এর জবাব আরও বিস্তৃত পরিসরে দেওয়া হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন দেশটির সর্বোচ্চ নেতা মোজতবা খামেনি। একই সঙ্গে মধ্যপ্রাচ্যে ইরানের মিত্র সশস্ত্র গোষ্ঠীগুলোর প্রশংসা করে ৩ এর পাতায় দেখুন

পৃথিবীর দিকে ধেয়ে আসছে নাসার ১.৪ টন ওজনের মহাকাশযান

কীর্তনখোলা ডেস্ক

মহাবিশ্বের সবচেয়ে শক্তিশালী বিস্ফোরণ নিয়ে গবেষণার জন্য প্রায় ২২ বছর আগে মহাকাশে পাঠানো নাসার একটি পর্যবেক্ষণযান এবার পৃথিবীতে আছড়ে পড়তে যাচ্ছে। ৩ হাজার ২০০ পাউন্ড বা প্রায় ১ দশমিক ৪৫ টন ওজনের ৩ এর পাতায় দেখুন



উজিরপুরে সড়ক সংস্কারের আড়ালে সরকারি গাছ লুটের অভিযোগ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের উজিরপুরে সানুহার-ধামুরা সড়কের উন্নয়নকাজের আড়ালে প্রায় চার কিলোমিটার এলাকার সরকারি গাছ লুটের অভিযোগ উঠেছে। গত কয়েকদিন ধরে প্রকাশ্যে ও গোপনে এসব গাছ কেটে নেওয়া হয়েছে বলে অভিযোগ করেছেন এলাকাবাসীরা। উজিরপুর উপজেলা প্রকৌশলী সুব্রত রায় বাদী হয়ে অজ্ঞাতনামা ব্যক্তিদের অভিযুক্ত করে থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন। অভিযোগ সূত্রে জানা যায়, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) অধীনে সানুহার-ধামুরা সড়কের সংস্কার ও উন্নয়নকাজ চলমান রয়েছে। গত ২ নভেম্বর বিকেল ৪টার দিকে উন্নয়নকাজ পরিদর্শন শেষে কার্যালয়ে ফিরে যান উপজেলা প্রকৌশলী। পরবর্তীতে ৩ নভেম্বর সকাল ১০টায় পুনরায় পরিদর্শনে গিয়ে তিনি সড়কের মাঝের অংশের বেশ কয়েকটি বড় গাছ কাটা অবস্থায় দেখতে পান। ইতিমধ্যে সানুহার-কচুয়া পর্যন্ত সড়কের দুই পাশের ছোট-বড় ৩ এর পাতায় দেখুন



এক যুগ ধরে লোহার খাঁচায় বন্দি শামীম, ছেড়ে গেছে স্ত্রী-সন্তানও

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের বাবুগঞ্জ উপজেলার কেদারপুর ইউনিয়নের সাড়ে পাঁচ আনী গ্রামের বাসিন্দা শামীম হাওলাদার (৩৮)। অর্থাভাবে চিকিৎসা করাতে না পারায় এক যুগ ধরে ছোট্ট একটি ঘরে লোহার খাঁচায় বন্দি থেকে মানবেতর জীবনযাপন করছেন এই যুবক। পরিবারের সদস্যরা জানান, মানসিক ভারসাম্য হারানোর পর শামীমের অত্যাচারে অতিষ্ঠ হয়ে প্রথমে তাকে শিকল দিয়ে বেঁধে রাখা হয়। এ অবস্থায় স্ত্রী তার একমাত্র কন্যাসন্তান নিয়ে বাবার বাড়ি চলে যান। বুধবার (৪ নভেম্বর) সরেজমিন দেখা যায়, ইট দিয়ে তৈরি ছোট্ট একটি ঘরের প্রবেশপথে লোহার গ্রিল দেওয়া। সেই গ্রিলের ফাঁক দিয়ে নিয়মিত তাকে খাবার দেওয়া হয়। শামীমের চাচাতো ভাই ২ এর পাতায় দেখুন

কাউখালীতে পুকুরে মিললো ৭৫ বছর বয়সী বৃদ্ধের মরদেহ

কীর্তনখোলা রিপোর্ট

পিরোজপুরের কাউখালী উপজেলা পরিষদের পুকুর থেকে শাজাহান আকন (৭৫) নামের এক বৃদ্ধের মরদেহ উদ্ধার করা হয়েছে। বুধবার (৪ নভেম্বর) দুপুর ১২টা ১৫ মিনিটের দিকে উপজেলা পরিষদের পুরোনো ভবনের সামনের পুকুরে মরদেহটি ভাসতে দেখেন পথচারীরা। বিষয়টি সন্দেহজনক মনে হলে তারা আশপাশের লোকজনকে জানান। পরে উপজেলা পরিষদের কর্মকর্তা-কর্মচারী ও স্থানীয় লোকজন দ্রুত ঘটনাস্থলে গিয়ে ৩ এর পাতায় দেখুন

৯০ বস্তা সরকারি সার জব্দ, গোডাউন সিলগালা

কীর্তনখোলা রিপোর্ট

ভোলার ইলিশায় নদীপথে সরকারি সার পাচারের সন্দেহে ২৯০ বস্তা সার আটক করেছেন স্থানীয়রা। পরে খবর পেয়ে প্রশাসন সারগুলো জব্দ করে একটি গোডাউন সিলগালা করেছে। মঙ্গলবার (৩ নভেম্বর) রাতে ভোলা সদর উপজেলার পূর্ব ইলিশা ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের চর ইলিশা গ্রামের দারগার খাল এলাকায় এ ঘটনা ঘটে। স্থানীয়দের অভিযোগ, ভোলার কৃষকদের জন্য বরাদ্দ করা সরকারি সার বেশি দামে বিক্রির উদ্দেশ্যে জেলার বাইরে পাচার করা হচ্ছিল। তবে সংশ্লিষ্টদের দাবি, সারগুলো বিভিন্ন চরের কৃষকদের কাছে পাঠানোর জন্য নেওয়া হচ্ছিল। স্থানীয় সূত্রে জানা যায়, মঙ্গলবার নদীপথে ভোলা থেকে সার নেওয়ার সময় সন্দেহ হলে স্থানীয়রা একটি সারবোঝাই ট্রলার ও একটি নসিমন থেকে ২৯০ বস্তা সার আটক করেন। প্রতিটি বস্তায় ৫০ কেজি করে টিএসপি ও ডিএপি সার ছিল। ট্রলারের মাঝি শহীদ ও ক্রেতা রফিকের দাবি, বিএডিসির সার ও বীজ ডিলার 'মেসার্স মিজান ট্রেডার্স' থেকে সারগুলো কিনে চরের কৃষকদের কাছে পাঠানোর জন্য নেওয়া হচ্ছিল। জেলার বাইরে পাচারের অভিযোগ অস্বীকার করলেও রফিক সার কেনার ৩ এর পাতায় দেখুন

আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে পিরোজপুরে ছাত্রদলের দুই পক্ষের সংঘর্ষ

কীর্তনখোলা রিপোর্ট

পিরোজপুর পৌর এলাকায় আধিপত্য বিস্তার ও নিয়ন্ত্রণকে কেন্দ্র করে জাতীয়তাবাদী ছাত্রদলের দুই পক্ষের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়া ও রক্তক্ষয়ী সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে ধারালো অস্ত্রের আঘাতে দুজন গুরুতর জখমসহ উভয় পক্ষের অন্তত পাঁচজন আহত হয়েছেন। এ ঘটনায় জড়িত থাকার অভিযোগে মো. নাফিস আহমেদ সিয়াম নামে এক বহিষ্কৃত ছাত্রদল নেতাকে আটক করেছে পুলিশ। পিরোজপুর পৌর শহরের পুরাতন বাসস্ট্যান্ড এলাকায় এ ঘটনা ঘটে। সংঘর্ষে আহতরা হলেন–পিরোজপুরের জিয়ানগর উপজেলার জিহাদ মাতুব্বর (২০), পিরোজপুর সদর উপজেলার জুজখোলা গ্রামের নাইম (১৯), মাছিমপুর গ্রামের শান (১৮), কালিবাড়ি এলাকার তাশফি ৩ এর পাতায় দেখুন

দেড় মাসেই ধসে গেছে বেড়িবাঁধ প্লাবন ঝুঁকিতে ১৫টি গ্রাম

কীর্তনখোলা রিপোর্ট



বরগুনার তালতলীতে সরকারি অর্থায়নে বাঁধ নির্মাণ প্রকল্পে দুর্নীতির অভিযোগ উঠেছে পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) কর্মকর্তা ও ঠিকাদারি সিন্ডিকেটের বিরুদ্ধে। অভিযোগ, প্রায় দেড় কোটি টাকার এই প্রকল্পে নামে মাত্র ব্যয় করে হরিলুট চালিয়েছেন পাউবোর এবং ঠিকাদাররা। নিম্নমানের কাজের কারণে বাঁধ ধসে লোকালয় প্লাবিত হওয়ার ঝুঁকি তৈরি হয়েছে। সরেজমিনে দেখা গেছে, উপজেলার নিশানবাড়িয়া ইউনিয়নের তেঁতুলবাড়িয়া-নলবুনিয়া এলাকায় পায়রা নদীর ভাঙন রোধে ১ কোটি ৪৭ লাখ টাকারও বেশি ব্যয়ে বাস্তবায়িত ৩০০ মিটার জিও ব্যাগ ও বন্যা নিয়ন্ত্রণ বেড়িবাঁধ নদীগর্ভে বিলীন হয়ে গেছে। এছাড়া বন্যা নিয়ন্ত্রণ বাঁধের প্রায় ২০০ মিটার অংশে দেখা দিয়েছে মরণ ফাঁকের মতো ভয়ংকর ফাটল। স্থানীয়দের অভিযোগ, কাজ শুরুর প্রথম দিন থেকেই তারা ৩ এর পাতায় দেখুন



চরফ্যাশনে অবৈধ ট্রলিং বোট জব্দ, আটক ১৪ জেলে

কীর্তনখোলা রিপোর্ট

ভোলার চরফ্যাশনে একটি অবৈধ আর্টিসানাল ফাইবার ট্রলিং বোটসহ ১৪ জেলেকে আটক করেছে কোস্ট গার্ড। এ সময় বোটটি থেকে ট্রলিং জাল ও মাছ ধরার বিভিন্ন সরঞ্জাম জব্দ করা হয়। বুধবার (৪ নভেম্বর) সন্ধ্যায় কোস্ট গার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাব্বির আলম সুজন এ তথ্য জানান। তিনি বলেন, বুধবার রাত ১টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ভোলার চরফ্যাশন উপজেলার আহমেদপুরের মায়া ব্রিজসংলগ্ন এলাকায় গোপন সংবাদের ভিত্তিতে বিশেষ অভিযান পরিচালনা করে কোস্ট গার্ড আউটপোস্ট চরমানিকা। অভিযান চলাকালে ওই এলাকা থেকে একটি অবৈধ ৩ এর পাতায় দেখুন



জাতীয় যুব পুরস্কার অর্জনকারী শিরিন খানমের পুরস্কারের অর্থ জনকল্যাণে দান

নেছারাবাদ প্রতিনিধি

জাতীয় যুব দিবস-২০২৬ উপলক্ষে জাতীয় পর্যায়ে 'শ্রেষ্ঠ যুব সংগঠক (নারী)' ক্যাটাগরিতে দ্বিতীয় স্থান অর্জন করেছেন পিরোজপুর জেলার নেছারাবাদ উপজেলার পাইওনীয়র ইয়থ ক্লাবের মহিলা বিষয়ক সাধারণ সম্পাদিকা মোসা. শিরিন খানম। ২০০৭ সাল থেকে পাইওনীয়ার ইয়থ ক্লাবের সাথে যুক্ত থেকে তিনি বাল্যবিবাহ প্রতিরোধ, ঝরে পড়া শিক্ষার্থীদের পুনর্বাসন, বিনামূল্যে চিকিৎসাসেবা, রক্তদান কর্মসূচি, নারী প্রশিক্ষণ এবং বেকার যুবকদের কর্মসংস্থান সৃষ্টিসহ বহুমুখী সামাজিক ও মানবিক কাজ করে ৩ এর পাতায় দেখুন

৬২ হাজার টন কয়লা নিয়ে পায়রা বন্দরে ভিড়ল বিশাল মাদার ভেসেল

কীর্তনখোলা রিপোর্ট

পায়রা তাপবিদ্যুৎকেন্দ্রের জ্বালানি সরবরাহে গতি আনতে ইন্দোনেশিয়া থেকে ৬২ হাজার ১০০ মেট্রিকটন কয়লা নিয়ে পায়রা বন্দরের বহির্নোঙরে ভিড়েছে সিঙ্গাপুরের পতাকাবাহী বিশাল জাহাজ 'এমভি এমবিএস তাইসি'। মঙ্গলবার রাতে সাড়ে ১৩ মিটার গভীরতার এই মাদার ভেসেলটি বন্দরে নিরাপদে নোঙর করে। এর মাধ্যমে বন্দরে বড় আকারের জাহাজ চলাচলের সক্ষমতা নতুন করে প্রমাণিত হলো। ১৯৯ মিটার দৈর্ঘ্য এবং ৩২ মিটার প্রস্থের এই বিশাল জাহাজটি গত ২৪ অক্টোবর ইন্দোনেশিয়ার তারাহান বন্দর থেকে কয়লা বোঝাই করে বাংলাদেশের উদ্দেশ্যে রওনা হয়েছিল। দীর্ঘ জলপথ অতিক্রম করে মঙ্গলবার রাত আটটার দিকে এটি গভীর সমুদ্রে বন্দরের নির্ধারিত স্থানে নিরাপদে নোঙর ফেলে। আমদানিকৃত এই বিপুল পরিমাণ কয়লা পায়রা ১৩২০ মেগাওয়াট তাপবিদ্যুৎকেন্দ্রের জ্বালানি হিসেবে ব্যবহৃত হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মতে, এই চালান পৌঁছানোর ফলে তাপবিদ্যুৎকেন্দ্রটির বিদ্যুৎ উৎপাদন প্রক্রিয়া দীর্ঘমেয়াদে স্বাভাবিক ও নিরবচ্ছিন্ন থাকবে। পায়রা ৩ এর পাতায় দেখুন

আগামী বছরও ঈদুল ফিতরে ৫, আজহায় ৬ ও পূজায় ২ দিন ছুটি

কীর্তনখোলা ডেস্ক

মন্ত্রিসভা বৈঠকে অনুমোদনের পর ২০২৭ সালের ছুটির তালিকা প্রকাশ করতে যাচ্ছে সরকার। বুধবারই (৪ নভেম্বর) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে ছুটির তালিকার প্রজ্ঞাপন জারি হতে পারে। জনপ্রশাসন মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, তালিকা অনুযায়ী চলতি বছরের (২০২৬) মতো আগামী বছরও পবিত্র ঈদুল ফিতরের ৫ দিন, ঈদুল আজহায় ৬ দিন ও শারদীয় দুর্গাপূজায় ২ দিন ছুটি থাকবে। সংশ্লিষ্ট একজন কর্মকর্তা নাম প্রকাশ না করে বলেন, চলতি বছরের মতোই ঈদুল ফিতর ও ঈদুল আজহার দিন সাধারণ ছুটি থাকবে। এছাড়া ঈদুল ফিতরের আগে দুই ও পরে দুদিনসহ মোট চারদিন নির্বাহী আদেশে ছুটি থাকবে। অন্যদিকে ঈদুল আজহার আগে দুদিন এবং পরে তিনদিনসহ মোট পাঁচদিন নির্বাহী আদেশে ছুটি থাকবে। দুর্গাপূজার বিজয়া দশমীর দিন সাধারণ ছুটি এবং মহানবমীর দিন নির্বাহী আদেশে ৩ এর পাতায় দেখুন



খালের ওপর কোচিং সেন্টার, পাটাতন ভেঙে আহত ৩০ শিক্ষার্থী

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের মেহেন্দীগঞ্জের কাজীরহাটে একটি কোচিং সেন্টারের কাঠের পাটাতন ভেঙে অন্তত ৩০ শিক্ষার্থী আহত হয়েছে। মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে কাজীরহাট বাজারের পশ্চিম পাশে এ দুর্ঘটনা ঘটে। আহতদের মধ্যে তিনজনের অবস্থা গুরুতর বলে জানা গেছে। তাদের স্থানীয় একটি ডায়াগনস্টিক সেন্টারে চিকিৎসা দেওয়া হচ্ছে। ঘটনার পর কোচিং সেন্টারের পরিচালক নিজাম উদ্দীন এলাকা ছেড়েছেন বলে জানিয়েছেন অভিভাবকেরা। স্থানীয় সূত্রে জানা যায়, কাজীরহাট বাজারের পশ্চিম পাশে রাস্তার ধারে খালের ওপর কাঠের পাটাতন দিয়ে তৈরি টিনশেডের একটি ঘরে কোচিং সেন্টারটি পরিচালিত হচ্ছিল। ঘরটির মালিক সন্তোষপুর গ্রামের কবির ৩ এর পাতায় দেখুন



পড়াশোনায় মনোযোগী হতে ভাণ্ডারিয়ায় প্রশাসনের মাইকিং

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় অতি সম্প্রতি সারা দেশেরন্যায় প্রকাশিত ২০২৬ সালের এইচএসসি ও সমমানের পরীক্ষার ফলাফলে ধ্বস দেখা গেছে। বিগত সময়ের চেয়ে এবছর কাঙ্খিত ফলাফলের চেয়ে হতাশার চিত্র ই বেশি দেখা গেছে। উপজেলা প্রশাসনের বিবেচনায় শিক্ষার্থীদের পড়াশোনায় অমনোযোগ, সন্ধ্যার পর বাইরে আড্ডা এবং মোবাইল ফোনে অতিরিক্ত আসক্তি এবং অভিভাবকদের কেয়ারিংয়ের অভাবকে এর অন্যতম কারণ। এ পরিস্থিতিতে শিক্ষার্থীদের পড়াশোনায় মনোযোগ বাড়াতে এবং শিক্ষার সমুন্নত পরিবেশ ফিরিয়ে আনতে সচেতনতামূলক প্রচারণা শুরু করেছে উপজেলা প্রশাসন। পিরোজপুর জেলা প্রশাসনের নির্দেশনায় জেলার ভাণ্ডারিয়া উপজেলা প্রশাসনের উদ্যোগে গত মঙ্গলবার (৩ নভেম্বর) ভাণ্ডারিয়া বাজার, পৌর শহরসহ উপজেলার সন্নিহিত বিভিন্ন ৩ এর পাতায় দেখুন

বরিশালে ইউপি সদস্য প্রার্থী মিজানুর রহমানকে নিয়ে নানা সমালোচনা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল সদর উপজেলার চাঁদপুর ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য প্রার্থী মাওলানা মিজানুর রহমানকে ঘিরে এলাকায় নানা আলোচনা ও বিতর্কের সৃষ্টি হয়েছে। নির্বাচনে চরমোনাইয়ের পীরের সমর্থন পাওয়ার প্রচারণা, নিজের শিক্ষাগত যোগ্যতা এবং ছেলের জাতীয় কোরআন প্রতিযোগিতায় প্রথম হওয়ার দাবি নিয়ে প্রশ্ন তুলেছেন স্থানীয় বাসিন্দাদের একাংশ। এসব দাবির পক্ষে নির্ভরযোগ্য তথ্য ও প্রমাণ প্রকাশের দাবি জানিয়েছেন তারা। স্থানীয়দের অভিযোগ, চরমোনাইয়ের পীর তাকে নির্বাচনে সমর্থন দিয়েছেন–এমন প্রচারণা চালিয়ে ভোটারদের প্রভাবিত করার চেষ্টা করছেন মিজানুর রহমান। তবে এ সমর্থনের বিষয়ে কোনো আনুষ্ঠানিক ঘোষণা, লিখিত বক্তব্য কিংবা নির্ভরযোগ্য প্রমাণ পাওয়া যায়নি বলে দাবি করেছেন অভিযোগকারীরা। ফলে পীরের সমর্থনের দাবির সত্যতা নিয়ে ভোটারদের মধ্যে প্রশ্ন দেখা দিয়েছে। ৩ এর পাতায় দেখুন











প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com